# কর্মসংস্থান

দাম : ৫ টাকা

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 39 ■ Issue No. 22 ■ 30th May, 2026 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88



ডিগ্রি আছে ...
কিন্তু চাকরি নেই ?
DESUN ACADEMY
Get Placed by Skills
Problem ডিগ্রি না ... Skill Gap
+91 94296 91888 | www.desunacademy.in


## সরকারি চাকরির নিয়োগ পদ্ধতি বদলাচ্ছে, কমছে ইন্টারভিউয়ের নম্বর

### পুলিশ, পঞ্চায়েত ও স্বাস্থ্য দফতরে ৩০ হাজার শূন্যপদের বিজ্ঞপ্তি জুনে

**রঞ্জিৎ ঘোষ, কলকাতা :** রাজ্য সরকারের বিভিন্ন দফতরে চাকরির জন্য নতুন 'স্বচ্ছ' নীতি চালু হতে চলেছে। অর্থাৎ, এবার থেকে নিয়োগ হবে স্বচ্ছতার সঙ্গে। কোনো দুর্নীতির সঙ্গে আপোষ করা হবে না।

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ২৩ মে শিয়ালদহে রোজগার মেলায় ঘোষণা করেন, রাজ্যে শিক্ষা বিভাগ, পুর বিভাগ-সহ একাধিক দফতরে নিয়োগে দুর্নীতির ঘটনায় পশ্চিমবঙ্গের নাম কলুষিত হয়েছে। এর ফলে প্রকৃত মেধার ছেলেমেয়েরা চাকরি থেকে বঞ্চিত হচ্ছেন।

সরকারি চাকরির নিয়োগ পদ্ধতিতে বদল আনতে চায় সরকার। আগামী মন্ত্রিসভার বৈঠকে রাজ্য সরকারি চাকরিতে নয়া নীতি কার্যকরী হবে।

এরপর ৮ পাতায়


Free Career Counselling
কর্মরতদের জন্য বিশেষ সুবিধা
কম খরচে বিভিন্ন কোর্স করুন
GNM• PBBSC• PARAMED
AGRI• B.PHARM• PHARM.D
BDS• VET• BTECH• B.Ed
D.El.Ed• BA• MA• LLB• BBA
BCA• BPT• MBA• PhD• Hotel
Aviation• Hospital Mgmt.
KAFE EDUCATION FOUNDATION
8240565056



ICE Academy
WBCS ও WBPSC কোর্স
সেরা প্রশিক্ষকদের ক্লাস
SSC, Rail ও Bank কোর্স
অনলাইন ও অফলাইন
বালিগঞ্জ কেন্দ্র : ভর্তি চলছে
9804412898
7044517509


## কেন্দ্রীয় সংস্থায় ১২,২৫৬ অডিটর, অ্যাসিস্ট্যান্ট, ইন্সপেক্টর

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** কেন্দ্রীয় সরকারের রেলওয়ে বোর্ড, পররাষ্ট্র মন্ত্রক, আর্মড ফোর্সেস হেডকোয়ার্টার্স, সি.এস.এস. ইত্যাদি অফিসের অডিটর, 'জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট /অ্যাকাউন্ট্যান্ট, ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট', 'ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্ট', 'অন্যান্য সংস্থার অ্যাসিস্ট্যান্ট', 'ইন্সপেক্টর', 'ইন্সপেক্টর (সেন্ট্রাল এক্সাইজ /প্রিভেন্টিভ অফিসার /এক্সামিনার)', ইনকাম ট্যাক্স ইন্সপেক্টর, 'সি.বি.আই.'এর সাব-ইন্সপেক্টর', 'অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার', জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার ইত্যাদি পদে ১২,২৫৬টি শূন্যপদের জন্য ২০২৬ সালের কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার

এরপর ১০ পাতায়


WBCS 2025 & 2026
ক্লাস শুরু 7 জুন
SSC,CGL 2026
Crash Course অনলাইন শুরু 1 জুন
Clerkship
Misc Combo
ভর্তি চলছে। ফ্রি ডেমো 6 জুন
স্বল্প খরচে নিশ্চিত সাফল্য
8902356967, 9830200210


## কলকাতার ১৫২টি আইটি কোম্পানিতে AI বেসড ডিজিটাল মার্কেটিংয়ে ৪৫,৩২১ চাকরি

### শুরুতেই মাইনে বছরে ৪ থেকে ৫ লাখ টাকা

**সৈকত হালদার, সল্টলেক :** সম্প্রতি বিখ্যাত আইটি প্রযুক্তি সংস্থা WIPRO এর সিইও শ্রীনি পাল্লিয়া ঘোষণা করেছেন, তাঁর সংস্থায় গত ৬ মাসে ১১,২০৮ জনের নিয়োগ হয়েছে। তার মধ্যে প্রায় ৩,৫১২ জনের নিয়োগ হয়েছে শুধুমাত্র ডিজিটাল মার্কেটিংয়ে। এই পরিসংখ্যান থেকেই খুব স্পষ্ট যে, আইটি সেক্টরের অন্যতম গুরুত্বপূর্ণ বিভাগ হল ডিজিটাল মার্কেটিং। আইটি অ্যান্ড সফটওয়্যার সেক্টরে এমন কোনো কোম্পানি নেই, যাদের ডিজিটাল মার্কেটিংয়ে লোক লাগে না। প্রতি মাসে গড়ে সারা দেশ জুড়ে ৬,০০০ থেকে ৮,০০০ নিয়োগ হয় এই বিভাগে। কলকাতার সল্টলেকের বিভিন্ন

এরপর ৪ পাতায়

## ৮৯৯ অপারেটর ও ড্রাফটসম্যান

**নিজস্ব সংবাদদাতা, পুণে :** কেন্দ্রীয় সরকারের সড়ক পরিবহণ ও জাতীয় সড়ক মন্ত্রকের অধীন বর্ডার রোডস অর্গানাইজেশনের জেনারেল রিজার্ভ ইঞ্জিনিয়ার ফোর্স 'ড্রাফটসম্যান', 'স্টোরকীপার টেকনিক্যাল', 'অপারেটর

এরপর ১১ পাতায়

## HCL, TCS, Infosys, Wipro সহ প্রথম সারির আইটি কোম্পানিতে সামনের ৮ মাসে AI ইন্টিগ্রেটেড ডিজিটাল মার্কেটিংয়ে ৬২,৩৩৮ চাকরি

### মাইনে শুরু মাসে ৩০,০০০ টাকা থেকে

উচ্চমাধ্যমিক ও গ্র্যাজুয়েট ছেলেমেয়ের

**সৈকত হালদার, কলকাতা :** দেশের আইটি ইন্ডাস্ট্রির অন্যতম সেরা কোম্পানি TCS গত মাসে শুধুমাত্র ডিজিটাল মার্কেটিংয়ে-ই ৮,০০০ এর ওপর প্রফেশনালস নিয়োগ করেছে। আবার Infosys এবছরের প্রথম ৩ মাসে এই বিভাগে ৪,২১৮ জনকে চাকরি দিয়েছে।

এরপর ৯ পাতায়

## ২ ব্যাঙ্কে ১২,১৫০ অ্যাপ্রেন্টিস

### বরোদা ব্যাঙ্কে

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** ব্যাঙ্ক অফ বরোদা অ্যাপ্রেন্টিস হিসাবে ৫,০০০ জন ছেলেমেয়ে নিচ্ছে। যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-৫-২০২৬'এর হিসাবে ২০ থেকে ২৮ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে

এরপর ১০ পাতায়

### স্টেট ব্যাঙ্কে

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া অ্যাপ্রেন্টিস হিসাবে ৭,১৫০ জন লোক নিচ্ছে। যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-৪-২০২৬'এর হিসাবে ২০ থেকে ২৮ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-৪-১৯৯৮ থেকে ১-৪-২০০৬'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। ১ বছরের ট্রেনিং। তখন স্টাইপেন্ড মাসে ১৫,০০০ টাকা। যে রাজ্যের শূন্যপদের জন্য দরখাস্ত করবেন সেই রাজ্যের স্থানীয় ভাষায় পড়তে, লিখতে ও বলতে পারা দরকার। কোন রাজ্যে ক'টি সীট আছে : শূন্যপদ :

এরপর ১১ পাতায়

## রেলে ১,০৭৯ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা, নাগপুর :** দক্ষিণ পূর্ব-মধ্য রেলের নাগপুর ডিভিশন ও মোতিবাগ ওয়ার্কশপ 'অ্যাপ্রেন্টিস' হিসাবে ১,০৭৯ জন লোক নিচেছ। নেওয়া হবে এইসব ট্রেডে : ফিটার, কার্পেন্টার, ওয়েল্ডার, সি.ও.পি.এ., ইলেক্ট্রিশিয়ান, স্টেনোগ্রাফার (ইংলিশ) /সেক্রেটারিয়েল অ্যাসিস্ট্যান্ট, প্লাম্বার, পেইন্টার, ওয়্যারম্যান, ইলেক্ট্রনিক্স মেকানিক, মেকানিক মেশিন টুল মেন্টেন্যান্স, ডিজেল মেকানিক,

এরপর ৯ পাতায়

## মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষায় বয়স বেড়ে ৪৪ বছর

### দরখাস্ত করার শেষ তারিখ ৯ জুন

**রঞ্জিৎ ঘোষ, কলকাতা :** পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন দফতরে অফিসার, ইন্সপেক্টর, সাব-ইন্সপেক্টর, কন্ট্রোলার, অডিটর ইত্যাদি পদে কাজের জন্য পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন ২০২৪ সালের 'মিসলেনিয়াস সার্ভিসেস' পরীক্ষার বেলায় বয়স বাড়িয়ে ৪৪ বছর

এরপর ৮ পাতায়

## উজ্জ্বল ভবিষ্যতের দিশা দেখাতে ২৯ ও ৩০ মে মালদহে ইন্টারঅ্যাক্টিভ কেরিয়ার ফেয়ার

### এবার আপনার শহরে কর্মসংস্থান

**নিজস্ব প্রতিনিধি, মালদহ :** মালদহ জেলায় এবার যাঁরা উচ্চমাধ্যমিক পরীক্ষা দিয়েছেন তাঁরা ভালো কেরিয়ার তৈরি করার জন্য কোন বিষয় নিয়ে পড়বেন অথবা এখনই ভালো মাইনের চাকরির জন্য কোন প্রফেশনাল কোর্স পড়বেন, তা নিয়ে ভাবছেন ? এছাড়া, কোথায় কোথায় ইঞ্জিনিয়ারিং বা, ডাক্তারি কোর্স পড়ানো হয় কিংবা প্যারা মেডিক্যাল কোর্স, নার্সিং, হোটেল ও হসপিটাল

এরপর ৭ পাতায়

## কলেজে সহকারি অধ্যাপক

### বয়স বেড়ে ৪৫ বছর হল শেষ তারিখ বেড়ে ১৮ জুন

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশনের মাধ্যমে পশ্চিমবঙ্গের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের অধীন কলেজগুলিতে 'অ্যাসিস্ট্যান্ট

এরপর ৪ পাতায়

## সেনাবাহিনীতে ৩৯৪ অফিসার

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** স্থলবাহিনী, নৌবাহিনী ও বিমানবাহিনী ৩ বছরের ট্রেনিং দিয়ে অফিসার পদে ৩৯৪ জন অবিবাহিত ছেলেমেয়ে নিচেছ।

যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা স্থলবাহিনীর (আর্মি)

এরপর ৬ পাতায়

## ৩ বাহিনীতে ৪৫১ অফিসার

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** ভারতীয় স্থলবাহিনী, নৌবাহিনী ও বিমানবাহিনী ৯ মাস থেকে ২ বছর ১১ মাস ট্রেনিং দিয়ে অফিসার পদে ৪৫১ জন লোক নিচেছ। নেওয়া হবে

এরপর ৯ পাতায়


MCG College of Health Science
কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত
জব ওরিয়েন্টেড কোর্সসমূহ
পশ্চিমবঙ্গ সরকার অনুমোদিত
DMLT | DOTT | DMRT
DCCT | DPT | CMS & ED
Eligibility : Science / Non-Science
জরুরি নিয়োগ বিজ্ঞপ্তি
শূন্যপদ সমূহ
Teacher In-Charge — যোগ্যতা : B.Sc. / M.Sc. ন্যূনতম ৮ বছরের অভিজ্ঞতা প্রয়োজন
Librarian — যোগ্যতা : B.LIS / M.LIS ন্যূনতম ১ বছরের অভিজ্ঞতা প্রয়োজন
Faculty-MLT / MRT / OTT / PT / CCT — যোগ্যতা : B.Sc. / M.Sc. ন্যূনতম ৫ বছরের অভিজ্ঞতা প্রয়োজন
অন্যান্য পদ
Lab Assistant | Lab Technician
ফ্রেশাররাও আবেদন করতে পারবেন
যোগাযোগ করুন
CV পাঠান : multicareergateway@gmail.com
Website : www.mcgeducare.com
যোগাযোগ : 033-40838089
ঠিকানা : F-30, কল্যাণী রেলস্টেশনের নিকটে, ৩ নং প্ল্যাটফর্ম, কল্যাণী, নদিয়া, পশ্চিমবঙ্গ- 741235

**কর্মসংস্থান**

সাপ্তাহিক পত্রিকা

প্রধান কার্যালয়

১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯

হেল্পলাইন

✆ : ৬২৯১৬৮৪৯৪৩

কাগজ না পেলে এই নম্বরে জানান

✆ : ৯৮৩০৬২৪১৭০

ই-মেল
karmsang@gmail.com


## স্কুল-কলেজ-শিক্ষা

**NIOS রবীন্দ্র BOSSE**
মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, B.Sc, MA, D.Pharm-সহ যেকোনো ডিগ্রি করুন। শেওড়াফুলি - 7003156422

R

**মাসিক মাহিনায় কোচিং**
CGL, HS lvl, MTS, PSC Clerk + Misc, Rail, Police, Panchayet & Comb স্পেশালভাবে করানো হচ্ছে। Chinsurah, কামারপাড়া Ph: 7439219048, 9330496007

SH

দরখাস্ত পাঠানোর আগে ফর্ম সহ যাবতীয় প্রমাণপত্রের এককপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।

## স্কুল-কলেজ-শিক্ষা

বিচারকের মতো ভাবুন, শুধু মুখস্থ নয়। WBJS প্রস্তুতিতে প্র্যাক্টিক্যাল আইন, মেইনস রাইটিং ও মেন্টরশিপ - এখন কলকাতায় হাইব্রিড ক্লাসে। ক্লাস নেবেন অভিজ্ঞ অ্যাডভোকেট ও জুডিশিয়ারি মেন্টর। M-8910497004

R

১০০% পাসের গ্যারান্টি MP/HS-৩ মাস, B.Com, MA, MBA, MCA, B.Tech, LLB, B.Ed, Pharmacy, Ph.D-৬ মাস। M: 9163399940

SH

**MRIT শ্রীরামপুরে**
ফিজিওথেরাপি, নার্সিং ট্রেনিং (ANM), ল্যাব-টেকনিশিয়ান কোর্সে ভর্তি ফিতে 50% ছাড়ে ভর্তি চলছে সীমিত সময়ের জন্যে। নূন্যতম যোগ্যতা - মাধ্যমিক। বয়স-অনির্দিষ্ট। 92318 39309 (11টা থেকে 5টা)।

R


**কর্মসংস্থান**
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆: 7890135514


## স্কুল-কলেজ-শিক্ষা

**প্যারামেডিকেল ও নার্সিং**
ECG, DPT (ফিজিওথেরাপি), CMS&ED (এলোপ্যাথি/কাউন্সিল স্বীকৃত), DHMH (হোমিও), DMLT (প্যাথলজি), DOTT (অপারেশন) এবং ANM (নার্সিং) কোর্সে ভর্তি চলছে। ক্লাস শনি ও রবিবার। ক্যারিয়ার একাডেমি অফ মেডিক্যাল সায়েন্স (30 বছরের বিশ্বস্ত প্যারামেডিকেল কলেজ)। গড়িয়া স্টেশন রোড, ছোট বটতলা, কলি-84. 45A বাসস্ট্যান্ডের বিপরীতে। www.camsversity.com 7439213900 / 8272911322

D

### বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনো ভাবেইদায়ী নয়।

— সম্পাদক, **কর্মসংস্থান**


All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.


## কর্মখালি

কলকাতা মেট্রোরেলে বিভিন্ন পদে স্থায়ী কাজে M/F চাই। যোগ্যতা : মাধ্যমিক-স্নাতক। বেতন : 18,000 – 65,000, থাকা ও খাওয়ার সুব্যবস্থা সহ PF, ESI, ছুটি, বোনাস ও প্রমোশন। M : 7908593729

SA(A)

উত্তর কোলকাতায় (পাইকপাড়া) মেশিন তৈরি কারখানায় চাই — হেলপার, ফিটার, ওয়েলডার। যোগাযোগ - 9831498641

SH

নিজের ভবিষ্যৎ গড়ে তুলুন দেশের সর্ব বৃহৎ এবং বিশ্বস্ত সংস্থার সাথে। যোগ্যতা : উচ্চমাধ্যমিক +, সত্বর যোগাযোগ: 7003534060

SH

## কর্মখালি

**WBSEDCL (বিদ্যুৎ)**
কন্ট্রাক্টরের অধীনে প্রতি শহরে ও গ্রামে পঃবঙ্গের সব ক'টি জেলায় লোক নিয়োগ। ST/SC-দের বিশেষ অগ্রাধিকার। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন : (23000–48000) OT-সহ অন্যান্য সুবিধা। 7319259635

SP

IRCTC-তে কন্ট্রাক্টরের অধীনে আর্জেন্ট জব নিজের যোগ্যতা অনুযায়ী সরাসরি নিয়োগ। M/F, WB, PF, ESI, AC, সত্বর যোগাযোগ : PH - 7449831195

SA(A)

## কর্মখালি

**Post Office-এ কন্ট্রাক্টরের অধীনে আর্জেন্ট জব**
নিজের যোগ্যতা অনুযায়ী নিজের জেলায় নিয়োগ। M/F, SL- 18K– 46K, PF, ESI, AC. সত্বর যোগাযোগ- Ph : 84202 50278

SA


উচ্চমাধ্যমিক সহ ডিপ্লোমা/ সার্টিফিকেট-র যোগ্যতাসম্পন্ন P.T & Yoga প্রশিক্ষক চাই। যোগাযোগ : স্বামীজি অবজারভেশন হোম/রাইন, কোলাঘাট, পূর্ব মেদিনীপুর-৭২১১৩০ amarsevajjhome@gmail.com 8348295552 / 8348295553 - ১৫ দিনের মধ্যে।

D

## চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফি-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**




## "AI যুগে দক্ষতা-নির্ভর শিক্ষাই ভবিষ্যৎ গড়বে"— অরিজিৎ মন্ডল

**কলকাতা** শুধুমাত্র প্রচলিত ডিগ্রি নয়, বরং দক্ষতা-ভিত্তিক শিক্ষাই ছাত্রছাত্রীদের দ্রুত কর্মসংস্থানের পথে এগিয়ে নিয়ে যেতে পারে— মনে করেন ইনোটেক এডুহাব-এর ডিরেক্টর অপারেশন, অরিজিৎ মন্ডল। তিনি জানান, Innotech Eduhub ২০২৬ শিক্ষাবর্ষে প্রতিটি কোর্সকে আধুনিক Artificial Intelligence (AI) প্রযুক্তির সঙ্গে যুক্ত করা হয়েছে। এর ফলে শিক্ষার্থীরা শুধু তাত্ত্বিক জ্ঞান নয়, বাস্তবমুখী দক্ষতাও অর্জন করতে পারবে। "আমাদের লক্ষ্য হল ছাত্রছাত্রীদের ১২ শ্রেণির পরই চাকরির জন্য প্রস্তুত করে তোলা, AI-ইন্টিগ্রেটেড কোর্সের মাধ্যমে।" এখানে বিভিন্ন ধরনের সার্টিফিকেট কোর্স— ডাটা সায়েন্স, ডাটা অ্যানালিটিক্স, ফুলস্ট্যাক ডেভেলপমেন্ট, গ্রাফিক্স ডিজাইনিং, ডিজিটাল মার্কেটিং, ব্যাংকিং ও ফিনটেক, এবং ভিডিও এডিটিং— সবকিছুতেই AI প্রযুক্তির ব্যবহার শেখানো হচ্ছে। এর পাশাপাশি B.Voc ডিগ্রি কোর্স, Farm Machinery & Equipment, রিনিউয়েবল এনার্জি ও সোলার টেকনোলজি, মোবাইল অ্যাপ ডেভেলপমেন্ট, সাইবার সিকিউরিটি, ডাটা ইঞ্জিনিয়ারিং, রোবোটিক্স এবং ডিজিটাল মার্কেটিং কোর্স করানো হয়। তাই আমাদের ট্রেনিং-এর সঙ্গে রয়েছে ইন্টার্নশিপ, অন-জব ট্রেনিং (OJT), এবং প্লেসমেন্ট অ্যাসিস্ট্যান্স। ইনোটেক এডুহাব-এর বিশেষ বৈশিষ্ট্যগুলির মধ্যে রয়েছে—AI-ভিত্তিক প্রশিক্ষণ, ইন্ডাস্ট্রি-ওরিয়েন্টেড প্র্যাকটিক্যাল লার্নিং, ক্যারিয়ার কাউন্সেলিং এবং সরাসরি চাকরির সহায়তা। কলকাতার গড়িয়া স্টেশন রোডে অবস্থিত এই প্রতিষ্ঠানটি ইতিমধ্যেই বহু ছাত্রছাত্রীকে দক্ষতা ও কর্মসংস্থানের সুযোগ করে দিয়েছে। এখনই সঠিক সময়। সীমিত আসন— তাই দ্রুত আবেদন করা উচিত।

## "গ্রিন টেকনোলজি ও আধুনিক কৃষি যন্ত্রপাতি— এই দুই ক্ষেত্রই ভবিষ্যতের চাকরির নতুন দিগন্ত"— সন্দীপ পাল (চাকদহ কেন্দ্র)

**চাকদহ** বর্তমান যুগে কেরিয়ার গড়তে হলে, প্রয়োজন বাস্তবমুখী ও প্রযুক্তিনির্ভর দক্ষতা। এই বার্তাই দিলেন ইনোটেক এডুহাব, চাকদহ সেন্টারের ডিরেক্টর **সন্দীপ পাল**। তিনি জানান, বিশ্বজুড়ে Solar Energy ব্যবহার দ্রুত বাড়ছে, এই ক্ষেত্রে দক্ষ পেশাদারের চাহিদাও দিন দিন বৃদ্ধি পাচ্ছে। একইসঙ্গে আধুনিক কৃষিক্ষেত্রে Farm Equipment & Machinery ব্যবহারের গুরুত্বও বহুগুণে বেড়েছে। ফলে এই দুটি কোর্স ভবিষ্যতের জন্য অত্যন্ত সম্ভাবনাময়। আমাদের লক্ষ্য হল ছাত্রছাত্রীদের এমন প্রশিক্ষণ দেওয়া, যাতে তারা শুধু চাকরি খোঁজে না— বরং নিজেরাই কর্মসংস্থানের সুযোগ তৈরি করতে পারে। Solar Technology বা, Farm Machinery কোর্স সেই দিকেই একটি বড় পদক্ষেপ। ইনোটেক এডুহাব, চাকদহ সেন্টারে চালু হওয়া Solar Energy & Renewable Technology কোর্সে শিক্ষার্থীরা শিখবে— সোলার প্যানেল ইনস্টলেশন, মেইনটেন্যান্স ও ট্রাবলশুটিং, গ্রিড ও অফ-গ্রিড সিস্টেম, এনার্জি ম্যানেজমেন্ট। অন্যদিকে Farm Equipment & Machinery কোর্সে রয়েছে — আধুনিক কৃষি যন্ত্রের ব্যবহার, ট্রাক্টর ও বিভিন্ন মেশিনের অপারেশন, মেরামত ও রক্ষণাবেক্ষণ, স্মার্ট এগ্রিকালচার টেকনোলজি।

তিনি আরও বলেন, এই কোর্সগুলি সম্পূর্ণ ইন্ডাস্ট্রি-ওরিয়েন্টেড এবং AI-ইন্টিগ্রেটেড। ফলে ছাত্রছাত্রীরা বাস্তব কাজের অভিজ্ঞতা পাবে, যা তাদের দ্রুত চাকরির জন্য প্রস্তুত করবে।

ইনোটেক এডুহাব-এর বিশেষ সুবিধাগুলির মধ্যে রয়েছে— প্র্যাকটিক্যাল ট্রেনিং, ইন্টার্নশিপ ও OJT, প্লেসমেন্ট অ্যাসিস্ট্যান্স, ক্যারিয়ার গাইডেন্স। শেষে সন্দীপ পাল জানান,'যারা ভবিষ্যতে একটি স্থায়ী ও চাহিদাসম্পন্ন কেরিয়ার গড়তে চায়, তাদের জন্য Solar Energy এবং Farm Machinery কোর্স সেরা সুযোগ। এখনই সময় সঠিক সিদ্ধান্ত নেওয়ার।

# সরকারি চাকরি পেয়ে প্রতিষ্ঠিত হওয়ার স্বপ্ন দেখছে রাজ্যের যুব সমাজ

*সম্প্রতি পুলিশ ও পঞ্চায়েত দফতরে ৬১,০০০ শূন্যপদ পূরণ করার জন্য 'ভ্যাকান্সি স্টেটাস লিস্ট' দেওয়া হয়েছে। সামনের মাসে এই নিয়ে বিজ্ঞপ্তি বেরোবে। তাই এখন থেকেই প্রস্তুতি নিতে হবে। এই সুযোগ ঠিকঠাক কাজে লাগিয়ে ঠিক কী ধরনের স্ট্র্যাটেজি নিলে নিশ্চিতভাবে চাকরি পাবেন তা নিয়ে খুঁটিনাটি আলোচনা করলেন রাজ্য তথা দেশের সরকারি চাকরির প্রস্তুতির সেরা সংস্থা, রাইস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়।*



রাইস-অ্যাডামাস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়

রাজ্যের প্রতিটি জেলার বিশেষত যারা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে, তারা সরকারি চাকরি পেয়ে জীবনে প্রতিষ্ঠিত হওয়ার স্বপ্ন দেখতে শুরু করেছেন নতুন করে তা স্পষ্ট বোঝা যাচ্ছে। পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার বিশেষ করে যারা সদ্য গ্রাজুয়েশন শেষ করেছেন বা পড়ছেন, তাদের কাছে বিগত এক সপ্তাহে বিভিন্ন সময়ে আমার বক্তব্য রাখার সুযোগ পেয়েছিলাম। উচ্চ শিক্ষার পর জীবনে প্রতিষ্ঠা পেতে পড়ুয়ারা কোন কোন বিষয় নিয়ে পড়বেন? কীভাবে এগোবেন? যারা গ্রাজুয়েশন কমপ্লিট করেছেন তারা সর্বভারতীয় পরীক্ষাগুলিতে কীভাবে সফল হবেন? ইত্যাদি বিষয় নিয়ে সম্প্রতি দুর্গাপুরে ও পুরুলিয়াতে দুটি সেমিনারে বক্তব্য রেখেছিলাম। শ্রোতার আসনে ছিলেন হাজারেরও বেশি ছাত্রছাত্রী। ছিলেন সেই এলাকার শিক্ষক, শিক্ষিকারাও, যারা বুঝতে চান ছেলেমেয়েদের স্কুল এডুকেশন থেকে ইউনিভার্সিটি এডুকেশনে যাওয়ার সময় কীভাবে তাদের কাউন্সেলিং করবেন, কোন কোন পয়েন্টের ওপর কথা বলবেন, শিক্ষা ক্ষেত্রে, কেরিয়ারে নতুন কি ইতিবাচক পরিবর্তন এসেছে সেগুলি নিয়ে আলোচনা করবেন। এসব জানার জন্যই তারা সেমিনারে এসেছিলেন। সেমিনারে উপস্থিত হাজার হাজার ছেলে মেয়েদের চোখে আচমকা আমি দেখতে পেয়েছি তারা যেন সরকারি সিস্টেমের ওপর আস্থা ফিরে পেয়েছে। জীবনে প্রতিষ্ঠা পেতে গেলে নিজের যোগ্যতা প্রমাণ করে চাকরি পাওয়ার যে সরকারি সিস্টেম, সেই সিস্টেমের ওপর আস্থা অনুভব করতে শুরু করেছে। পড়াশোনার শেষে ডিগ্রি অর্জন করে আগামী দিনগুলিতে স্থায়ী কাজ বা চাকরি পাওয়ার সুযোগ আসছে, এই বার্তা পেয়েই যেন তারা চাঙ্গা হয়ে উঠেছেন।

কয়েক মাস আগেও সভা, সেমিনার ও শিক্ষামূলক কাজের জন্য আমি দূরবর্তী সব জেলায় গিয়েছিলাম। তখন কিন্তু 'চাকরি হবেই' তরুণ প্রজন্মের চোখে এই আশার আলো, এই উৎসাহ, এই উজ্জীবিত মনোভাব আমি লক্ষ্য করিনি। সেমিনারে যদিও তারা আমার বক্তব্য শুনছিলেন, কিন্তু কিছুতেই যেন রাজ্যের সিস্টেমের ওপর তাদের আস্থা চোখে মুখে ফুটে উঠছিল না। তারা বুঝতেই পারছিলেন না, সত্যি কি পরিশ্রম করলে সফল হওয়া যায়? কিন্তু এক মাসের মধ্যে রাজ্যে যে পট পরিবর্তন হলো তাতে পরিস্থিতি আমূল বদলে গিয়েছে। এই পরিবর্তনের পরই রাজ্যের ছাত্রছাত্রীদের মধ্যে, যুবসমাজের মধ্যে আশার আলো উজ্জ্বল হয়ে উঠেছে। তাদের মধ্যে ইতিবাচক মনোভাব ও দৃষ্টিভঙ্গি জোরালো হয়ে উঠেছে। পড়াশোনায় তীব্র অনীহা তৈরি হয়েছিল এক শ্রেণির পরিবারের মধ্যে। অনেকেরই মনে হয়েছিল, চাকরি যখন নেই, তখন কি হবে উচ্চশিক্ষায় গিয়ে বা ডিগ্রি অর্জন করে?

এরকম লক্ষাধিক পড়ুয়ার মধ্যে তাদের অভিভাবকের মধ্যে হতাশা দেখা দিয়েছিল। রাজ্যের রাজনৈতিক পালাবদলের পর, সেই তাদের মধ্যে স্কুলে গিয়ে পড়াশোনা করা, বাড়ির ছেলে মেয়েদের উচ্চশিক্ষা নেওয়া, চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নেওয়ার প্রতি আগ্রহ ও ঝোঁক তৈরি হয়েছে। এটা যথেষ্ট ভালো দিক। কিছুদিন আগে পর্যন্ত পড়াশোনা করে চাকরির পরীক্ষার প্রস্তুতি নেওয়ার জন্য যখন শিক্ষকরা উৎসাহ দিতেন, তখন অনেক হতাশ ছাত্রছাত্রী প্রশ্ন করতেন, সত্যিই কি ভালো করে পড়াশোনা করলে, পরিশ্রম করলে গাড়িতে চড়া যায় নাকি গাড়িতে চাপা পড়তে হয়? অর্থাৎ এতটাই তারা হতাশ ছিলেন। কিন্তু আজকে তারা বিশ্বাস করতে শুরু করেছেন, অনেকগুলি চাকরির পরীক্ষায় ভরসার সুযোগ আসছে। ভালো করে, পড়াশোনা করলে পরিশ্রম করলে গাড়িতে চলা যায় বৈকি। তারা অন্তত এটা বুঝতে পারছেন বা এই আশার আলো দেখতে পেয়েছেন যে, যে পদ্ধতি বা সিস্টেম তাদের চাকরি পেতে সাহায্য করবে সেই সিস্টেমটা স্বচ্ছ হবে। নিয়োগ প্রক্রিয়া সরকারি নিয়ম মেনে স্বচ্ছতার ভিত্তিতে হবে। যে আশা নিয়ে রাজ্যের কয়েক কোটি বাসিন্দা রাজনৈতিক পরিবর্তন করলেন, সেই পরিবর্তনের যে ইতিবাচক ফল তারা চাইছেন তা অনেক বেশি আশা প্রত্যাশার সঙ্গে যুক্ত। সরকারি চাকরিতে নিয়োগ প্রক্রিয়ার স্বচ্ছতা ও নিরপেক্ষতা সেই আশা প্রত্যাশার সঙ্গে জড়িয়ে রয়েছে। এই আশা, রাজ্যের লাখ লাখ কর্মপ্রার্থী যুবক, যুবতী, তরুণ, তরুণীর কাছে সঞ্জীবনী হিসেবে কাজ করছে।

সেমিনারে উপস্থিত ছাত্র-ছাত্রী তরুণ-তরুণীদের চোখের ভাষায় বলে দিচ্ছিল তারা ফের স্বপ্ন দেখতে শুরু করেছেন। নতুন সরকারের আমলে নিজের মেধা, যোগ্যতা প্রমাণ করে সরকারি চাকরি পাওয়ার সুযোগ তৈরি হওয়ায় তাদের মনে আশার আলো দেখা দিয়েছে।

আগে উচ্চমাধ্যমিকের ফল প্রকাশ হলে অজস্র পড়ুয়া উচ্চ শিক্ষার জন্য রাজ্য থেকে পাকাপাকিভাবে চলে যেতেন। তাদের ভাবনা ছিল যেহেতু এই রাজ্যে চাকরির সুযোগ নেই, সেই বাইরেই যখন চাকরি করতে হবে থাকতে হবে তাহলে উচ্চশিক্ষাটা বাইরের রাজ্যেই করে নিই।

বাইরের ভালো শিক্ষাপ্রতিষ্ঠানের ডিগ্রির কদরও রয়েছে সর্বভারতীয় স্তরে। কিন্তু নতুন রাজ্য সরকারের ইতিবাচক নীতি সেই প্রবণতায় কিছুটা হলেও রাশ টানতে চলেছে বলে মনে করছেন শিক্ষাবিদরা। বাইরের রাজ্যে পড়তে যাওয়ার প্রবণতা কিছুটা হলেও কমবে কারণ বর্তমান সরকার চাইছে, রাজ্যের মেধা রাজ্যেই থাকুক। মেধাবী, প্রতিভাবান পড়ুয়ারা এই রাজ্যেই উচ্চশিক্ষা গ্রহণ করে ভালো কর্মসংস্থানের সুযোগ পান। সেজন্য নবনির্বাচিত রাজ্য সরকার কর্মসংস্থানে বিপুল সুযোগ তৈরি করতে আন্তরিকভাবে উঠে পড়ে লেগেছেন। এস.এস.সি, রেল, ব্যাঙ্ক, ইউ.পি.এস.সি., ডব্লু.বি.সি.এস.-সহ রাজ্য ও কেন্দ্রের অন্যান্য চাকরির পরীক্ষাতেও কীভাবে প্রস্তুতি নেবেন তা জানতে নির্দ্বিধায় ফোন করুন এই হেল্প লাইনে : 6292190230.

## কলেজে সহকারি অধ্যাপক

১ পাতার পর

প্রফেসর' পদে চাকরির বয়সসীমা ৫ বছর বাড়ল। রাজ্য সরকার ১৪ মে এক নির্দেশিকায় জানিয়েছিল, সরকারি চাকরির ক্ষেত্রে বয়স ৫ বছর বাড়বে ও তা ১১ মে থেকে কার্যকরী হবে। তাই কলেজ সার্ভিস কমিশনের অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের জন্য প্রায় ১ হাজার ছেলেমেয়ে নেওয়ার যে খবর বেরিয়েছিল, তাতে সর্বাধিক বয়স ৪০ বছর থেকে বেড়ে ৪৫ বছর করা হয়েছে। সেইসঙ্গে দরখাস্ত করার শেষ তারিখ বাড়িয়ে ১৮ জুন করা হয়েছে।

প্রার্থীদের সুবিধার জন্য এই পদের বেলায় বয়স, শিক্ষাগত যোগ্যতা, প্রার্থী বাছাই পদ্ধতি ইত্যাদি তথ্য আবার দেওয়া হল :

অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নেওয়া হবে এই ৫১টি বিষয়ে : অ্যানথ্রোপলজি, আরবি, বাংলা, বটানি, কেমিস্ট্রি, কমার্স, কম্পিউটার সায়েন্স, ডিফেন্স স্টাডিজ, অর্থনীতি, এডুকেশন, ইলেক্ট্রনিক সায়েন্স, ইংরিজি, বি.বি.এ., বি.সি.এ., বায়োকেমিস্ট্রি, কমিউনিকেটিভ ইংলিশ, এনভায়রনমেন্টাল সায়েন্স, হিউম্যান ডেভেলপমেন্ট, হিউম্যান রাইটস, ফিজিক্যাল এডুকেশন, ভূগোল, জিওলজি, হিন্দি, ইতিহাস, জার্নালিজম অ্যান্ড ম্যাস কমিউনিকেশন, আইন, মাইক্রোবায়োলজি, অঙ্ক, মলিকিউলার বায়োলজি, মিউজিক/ডান্স, নেপালী, দর্শন, ফিজিওলজি, ফিজিক্স, সাইকোলজি, রাষ্ট্রবিজ্ঞান, সংস্কৃত, প্ল্যান্ট প্রোটেকশন, স্ট্যাটিস্টিক্স, সোশিওলজি, ফিল্ম স্টাডিজ, ফুড অ্যান্ড নিউট্রিশন, উইমেন্স স্টাডিজ, জুলজি, সাঁওতাড়, উর্দু, ফাইন (ভিশুয়াল) আর্টস, ইন্ডাস্ট্রিয়াল কেমিস্ট্রি, ইন্ডাস্ট্রিয়াল ফিশ অ্যান্ড ফিশারিজ, তিব্বতী। নেওয়া হবে রাজ্যের সরকার অনুমোদিত সাধারণ ডিগ্রি কলেজগুলিতে। এজন্য প্রথমে একটি প্যানেল তৈরি করা হবে ও ওই তালিকা থেকে নিয়োগ করা হবে।

**সাধারণ ডিগ্রি কলেজের অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের বেলায় :** অন্তত দ্বিতীয় শ্রেণির ৩ বছরের ডিগ্রি কোর্স পাশের পর ওইসব বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৫৫%(তপশিলী, শারীরিক প্রতিবন্ধী ও দৃষ্টিহীন প্রতিবন্ধী হলে ৫০%, ১৯৯১ সালের ১৯ সেপ্টেম্বরের আগে মাস্টার ডিগ্রি কোর্স পাশরা পিএইচ.ডি. করে থাকলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। অনার্স গ্র্যাজুয়েট হলে অগ্রাধিকার পাবেন।

সব ক্ষেত্রেই পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশনের 'স্লেট' / 'সেট' পরীক্ষা কিংবা ইউ.জি.সি. /সি.এস.আই.আর. (নেট)'এর নেওয়া 'জুনিয়র রিসার্চ ফেলো (জে.আর.এফ.) / লেকচারারশিপ পরীক্ষায় কোয়ালিফাই (সফল) করে থাকতে হবে। ২০০৯ কিংবা ২০১৬ (সংশোধনী) সালের ইউ.জি.সি.'র নিয়মানুযায়ী যাঁরা সংশ্লিষ্ট বিষয়ে পিএইচ.ডি. ডিগ্রি করেছেন, তাঁরা 'নেট' / 'স্লেট' / 'সেট' পরীক্ষায় সফল না হয়ে থাকলেও আবেদনের যোগ্য।

মিউজিক, পারফর্মিং আর্ট, ভিশুয়াল আর্টস ও অন্য কোনো ট্র্যাডিশনাল ইন্ডিয়ান আর্ট (স্কাল্পচার-সহ) **বিষয়ের 'অ্যাসিস্ট্যান্ট প্রফেসর' পদের বেলায়** সংশ্লিষ্ট বিষয়ের মাস্টার ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৫৫% (তপশিলী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। 'নেট' / 'স্লেট' / 'সেট' পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে। ইউ.জি.সি.'র ২০০৯ কিংবা ২০১৬ (সংশোধনী) সালের নিয়মানুযায়ী সংশ্লিষ্ট বিষয়ে পিএইচ.ডি. ডিগ্রি করে থাকলে নেট / সেট / স্লেট পরীক্ষা না দিয়ে থাকলেও যোগ্য।

ওপরের সব ক্ষেত্রে শতকরা হার নির্ণয়ের বেলায় কোনো গ্রেস নম্বর বা, রাউন্ডিং অফ নম্বর ধরা হবে না।

সব ক্ষেত্রে বয়স হতে হবে ১-১-২০২৬'র হিসাবে ৪৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.রা ৩ বছর, প্রতিবন্ধীরা (ফিজিক্যাল এডুকেশন বিভাগ ছাড়া) ১০ বছর বয়সে ছাড় পাবেন। পার্ট টাইম টিচার, অনুমোদিত চুক্তিভিত্তিক পুরো সময়ের শিক্ষকরা ৪৭ বছর বয়স পর্যন্ত ছাড় পাবেন। মূল মাইনে : ৫৭,৭০০ টাকা। শূন্যপদ আছে প্রায় ১ হাজারের কাছাকাছি। কোন বিষয়ে ক'টি শূন্যপদ তা পরে ওয়েবসাইটে দেওয়া হবে। এই পদের বিজ্ঞপ্তি নং: 1/2026.

প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশন'। প্রথমে ইন্টারভিউ হবে। শূন্যপদ অনুযায়ী একটিই মেধা তালিকা তৈরি করা হবে। ইন্টারভিউয়ের পর শূন্যপদের তালিকা দেওয়া হবে। তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী, ই.ডব্লু.এস. প্রার্থীদের জন্য সরকারি নিয়মানুযায়ী শূন্যপদ সংরক্ষিত আছে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৮ জুন পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.wbcsconline.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এবার পরীক্ষা ফী বাবদ ২,৫০০ (তপশিলী, প্রতিবন্ধী, ও.বি.সি. হলে ১,২৫০) টাকা অনলাইনে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, ইউ.পি.আই. কিংবা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। এরপর ফটো ও সিগনেচার আপলোড করবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। ইন্টারভিউয়ের সময় যাবতীয় প্রমাণপত্রের মূল, ই-চালান ও অন্যান্য প্রমাণপত্রের মূল নিয়ে যাবেন। আরো বিস্তারিত জানতে যোগাযোগ করতে পারেন এই ঠিকানায় : পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশন, ৬, ভবানী দত্ত লেন (৫ম তল), কলকাতা-৭০০ ০৭৩।

## AI বেসড ডিজিটাল মার্কেটিংয়ে ৪৫,৩২১ চাকরি

১ পাতার পর

সংস্থায় প্রতি সপ্তাহে কমবেশি ১,০০০ থেকে ১,৫০০ জনের নিয়োগ হয়। এই স্পেশালাইজড ক্ষেত্রে কীভাবে নিজেকে প্রস্তুত করলে ৬ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেন তা জানতে আমরা গেছিলাম রাজ্যের প্রথম সারির আইটি হিউম্যান আউটসোর্সিং সংস্থা তথা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এ। সংস্থার সিইও ও ফাউন্ডার অর্ঘ্য দত্ত জানালেন, 'দেখুন, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে কয়েকশো কোম্পানিতে AI বেসড ডিজিটাল মার্কেটিংয়ে কয়েক হাজার ছেলেমেয়ের চাকরি হচ্ছে। অথচ খুবই অবাক করার মতো ব্যাপার যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। কারণ ঠিক কী ধরনের কোর্স করলে এই সেক্টরে চাকরি পাওয়া যায়, বেশিরভাগ ছেলেমেয়েরাই তা জানে না। আমি খুব জোরের সঙ্গে একথা বলতে পারি, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে AI বেসড ডিজিটাল মার্কেটিং মন দিয়ে শেখে, তাহলে এখানকার নামিদামি সফটওয়্যার কোম্পানিতে ৯ মাসের মধ্যে সে খুব সহজেই ভালো মাইনের চাকরি পাবেই। আবার আজকের দিনে দাঁড়িয়ে যদি কেউ AI বেসড ডিজিটাল মার্কেটিংয়ের সঙ্গে মার্কেটিং অটোমেশন-এর ট্রেনিং নেয়, তাহলে সে শুরুতেই বছরে ৪ থেকে ৫ লাখ টাকা প্যাকেজের চাকরি পাবে।' ডিজিটাল মার্কেটিংয়ে মূলত ৩টি পদে লোক নেওয়া হয়— **(I) SEO (Search Engine Optimization), (II) SMM (Social Media Management), (iii) PPC (Pay Per Click).** শুরুতেই নিয়োগ হয় SEO ও SMO-তে। উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে অ্যাডভান্সড কোর্স করলেই এই ট্রেনিং নিতে পারবেন। বয়স হতে হবে ৩১.০৫.২০২৬ এর হিসাবে ৩০ বছরের মধ্যে। তারপর মোটামুটি ২ বছরের অভিজ্ঞতা থাকলে PPC-তে নিয়োগ হয়। SEO বা SMO-তে প্রত্যেক সপ্তাহে এই কলকাতাতেই ৪০ থেকে ৫০টি কোম্পানিতে কয়েকশো ছেলেমেয়ের চাকরি হচ্ছে। তাহলে কোথা থেকে কী ধরনের কোর্স করলে ডিজিটাল মার্কেটিংয়ে খুব সহজেই কেরিয়ার করা যাবে? উত্তরে অর্ঘ্য বললেন যে, 'দেখুন, এখন যুগটাই ডিজিটাল। তাই প্রতিটি কোম্পানিতেই ডিজিটাল মার্কেটিংয়ের প্রয়োজন। তাই এখানে এত বিপুল সংখ্যক লোক লাগে।' **SEO**-রা মূলত ওয়েবসাইট বা, অ্যাপটিকে এমনভাবে মার্কেটিং করে যাতে কোনো একটি বিষয় (key word) সার্চ ইঞ্জিন (যেমন Google, Yahoo)-এ টাইপ করলে সংশ্লিষ্ট ওয়েবসাইট বা, অ্যাপটি-ই সার্চিংয়ের একদম ওপরেই আসবে। **SMO**-রা মূলত সোশ্যাল মিডিয়া হ্যান্ডলার (যেমন X, Facebook, LinkedIn, Youtube, Telegram ইত্যাদি) এর মাধ্যমে কোম্পানির সোশ্যাল মিডিয়া এনগেজমেন্ট বাড়িয়ে অ্যাপ বা, ওয়েবসাইটটিকে জনপ্রিয় করে তোলে। এরপর **PPC**-রা মূলত Performance Marketer / Ad Expert হিসাবে বিভিন্ন ডিজিটাল মিডিয়ার মাধ্যমে কোম্পানির গ্রস রেভিনিউ বা, প্রফিট বাড়ায়।

> **উচ্চমাধ্যমিক যোগ্যতায় ৬ মাসের মধ্যে বছরে ২,৪০,০০০ টাকা মাইনের চাকরি। পরে আরো ৩ মাসের মধ্যে বছরে ৪,০০,০০০ টাকা থেকে ৫,০০,০০০ টাকা মইনের চাকরি। প্রতি মাসে ৫০টি থেকে ৬০টি কোম্পানিতে ২,৫০০ থেকে ৩,৫০০ চাকরি হয়।**

এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে অর্ঘ্য বললেন, 'রাজ্যের মধ্যে এখন আইটি ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবচেয়ে ওপরে। কারণ (১) একমাত্র এখানেই AI বেসড ডিজিটাল মার্কেটিং-এর ওপর ৬ মাসের অ্যাডভান্সড ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে ৩ মাসের ইন্টার্নশিপ করানো হয়। এই সময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (২) এটি রাজ্যের একমাত্র আইটি লার্নিং সংস্থা যেখানে ডিজিটাল মার্কেটিং-এর ওপর AI Prompting Tools এর ব্যবহার দেশের সেরা সেরা AI মডিউলেটরদের থেকে শেখানো হয়। এছাড়াও এখানে ডিজিটাল মার্কেটিং এর জন্য ইন্ডাস্ট্রির সবচেয়ে মডিফায়েড ও আপডেটেড AI সফটওয়্যারে কাজ শেখানো হয় যা অন্য কোথাও ভাবাই যায় না। যেমন **SEO**-র জন্য SEMrush বা Google Keyword Planner বা Ubersuggest-এর মত সফটওয়্যার ট্যুলস আবার **SMM**-এর জন্য Buffer বা Hootsuite-এর মতো আপডেটেড মডিফিকেশন সফটওয়্যারে কাজ শেখানো হয়। (৩) একমাত্র এখানে AI বেসড ডিজিটাল মার্কেটিং-এর জন্য অন্যতম গুরুত্বপূর্ণ টুলস Chat GPT মডেল দেশের সেরা সেরা AI বেসড প্রফেশনালসদের দিয়ে শেখানো হয়। তাই এখান থেকে পাশ করা ছেলেমেয়েরা, দেশের প্রথম সারির আইটি কোম্পানিতে সহজেই চাকরি পায়। (৪) এছাড়াও, এই কোর্সের মধ্যে ওয়েব ডেভেলপমেন্টের সবচেয়ে মডিফায়েড মডিউলও (Shopify / Wix / Word Press) শেখানো হয় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৫) এই প্রতিষ্ঠানের আরেকটি অনন্য দিক হল একমাত্র এখানেই Implementing Marketing Automation আলাদাভাবে শেখানো হয়। যা রাজ্যের অন্য কোনো প্রতিষ্ঠানে এই মুহূর্তে শেখানো হয় না। এই ট্যুলস জানা থাকলে দেশের সেরা সেরা টেক জায়েন্ট যেমন TCS, Wipro, IBM, Cognizant, Capgemini-র ডিজিটাল টিম আপনাকে ডেকে চাকরি দেবে। কারণ, খুব কম সংস্থায় এই হাই লেভেল মার্কেটিং কোর্স শেখানো হয়। আর এই কোর্স শেখা থাকলে শুরুতেই মাইনে হবে নিজের মর্জি মাফিক। এই কোর্স করা থাকলে মোটামুটি শুরুতেই বছরে পাওয়া যাবে ৪,০০,০০০ থেকে ৫,০০,০০০ টাকার আকর্ষনীয় পে-প্যাকেজ। (৬) আইটি ইন্ডাস্ট্রির ক্ষেত্রে সবচেয়ে ভালো প্যাকেজ পাওয়া যায় যদি প্রার্থীর কাছে গ্লোবাল সার্টিফিকেশন থাকে। এক্ষেত্রেও এই প্রতিষ্ঠানের সাথে গ্লোবাল টেকনিক্যাল জায়েন্ট Google, Meta ও HubSpot-এর মতো কোম্পানির স্ট্র্যাটেজিক টাই-আপ থাকায় এখান থেকে পাশ করলে **Google Ad Specialisation, Meta Ad Specialisation, HubSpot Ad Specialisation** এর মতো গুরুত্বপূর্ণ সার্টিফিকেট পাওয়া যায়। ফলে এখানকার ছেলেমেয়েরা ট্রেনিং পিরিয়ডেই বেঙ্গালুরু বা হায়দরাবাদের মতো জায়গায় বহুজাতিক আইটি ও সফটওয়্যার সংস্থায় ভালো প্যাকেজের চাকরি সহজেই পায় — যা অন্য কোথাও হয় না। (৭) আমাদের সঙ্গে দেশের তথা রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিগুলির সঙ্গে এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে পাশ করলে চাকরির জন্য কেউ বসে থাকে না, বরং একসঙ্গে সে ২-৩টি অফার লেটার হাতে পায়। শুরুতেই মাইনে হয় মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা। যা ২ বছর পর বেড়ে মাসে ৬০,০০০ টাকা হয়। (৮) আমাদের এখানে সফটওয়্যার ইন্ডাস্ট্রির সেরা সেরা ডিজিটাল এক্সপার্টরাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন যাতে এখানকার ছেলেমেয়েরা সবচেয়ে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (৯) ডিজিটাল মার্কেটিংয়ে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। বিভিন্ন ধরনের ডিজিটাল মার্কেটিং সফটওয়্যার ট্যুলস (অ্যাপ ও ওয়েবসাইট ফ্রেন্ডলি) হাতে কলমে এমনভাবে শেখানো হয়, যাতে এখানকার ছেলেমেয়েরা ডিজিটাল এক্সপার্ট হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে সুপ্রতিষ্ঠিত করতে পারে ও নামিদামি কোম্পানিতে সর্বোচ্চ স্যালারি প্যাকেজ পায়। (১০) আমাদের এখানে বিশেষভাবে 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১১) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা আইটি বা সফটওয়্যার কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১২) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবচেয়ে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' (১৩) একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) স্কলারশিপের ব্যবস্থা আছে— যা অন্য কোথাও নেই। তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৬ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 বা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

ভর্তি চলছে

# BNG

## Hotel Management Institute, Kolkata

## হোটেল ম্যানেজমেন্ট




| Courses | Total FEE | Fee Payable after Scholarship |
|---|---|---|
| 3 Years Course | ~~2,50,000~~ | 1,90,000/- |
| 2 Years Diploma | ~~1,00,000~~ | 80,000/- |
| 1 Year Diploma | ~~50,000/-~~ | 35,000/- |
| 6 months | ~~25,000/-~~ | 23,000/- |
| Learn & Earn ( 1 Year) | ~~50,000/-~~ | 25,000/- |

100% PLACEMENT ASSURED

**Residential Campus** - Hostel for boys & girls, Canteen Facility, Well Equipped Labs, Modern Infrastructure, Sports, **Cricket , Football** ,Indoor Games, Game Zone, etc

আসন সীমিত
যোগাযোগ করুন :
9830796307
9674062259

ট্রেনিং এবং প্রেসমেন্ট সহায়তা
দুবাই, কাতার, মরিশাস, সিঙ্গাপুর, মালয়েশিয়া, আমেরিকা, জার্মানি ইত্যাদি।

Our Recruiters .....

Scan this QR Code for Admission

Follow us @

Bring this Cutout to avail Scholarship
Code :BNG#2026

BNG
HOTEL MANAGEMENT INSTITUTE
The Power House of Hospitality

ক্যাম্পাস : সেক্টর V - সল্টলেক ও নিউ টাউন ব্রিজের কাছে, বাস স্টপ- কোল ভবন।

City Office : 32 Dr L.M.Bhattacharya Road, Kolkata- 700014 ( Near Moulali) 10 mins from Sealdah Station

W : www.bngkolkata.com | E : bngkolkata@yahoo.com | P : +91 98307 96307 | Toll Free No. : 1800 891 1508

# কম কোর্স ফী'তে হোটেল ম্যানেজমেন্ট

## নামি হোটেলে ইন-সার্ভিস ট্রেনিং • শুরু থেকেই স্টাইপেন্ড ১০,০০০ টাকা

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** এখন প্রত্যেক অভিভাবকই ছেলেমেয়েদের এমন কোর্সে ভরতি করতে চান, যেখানে কোর্স চলার মধ্যেই নানান নামি সংস্থার ইন্টার্নশিপ করার সুযোগ থাকে আর মাসে অন্তত ১০,০০০ টাকা স্টাইপেন্ড পাওয়া যায়। অর্থাৎ, নিশ্চিত চাকরি শুধু নয়, উন্নতির সিঁড়িও স্পষ্ট দেখা যায়। পশ্চিমবঙ্গর অন্যতম সেরা হোটেল ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান BNG হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট -এর চেয়ারম্যান ও প্রিন্সিপাল বুধাদিত্য পাল এ প্রসঙ্গে জানান, 'আমাদের কোর্স পাশ করে কেউ বসে থাকে না। চাকরি পাবেই। কারণ : (১) এখানে রয়েছে ইন্ডাস্ট্রির সেরা রুম মেন্টেন্যান্স ল্যাব, মডার্ন হাউসকিপিং, ফাইভ স্টার রিসেপশন সেট আপ, (২) হোটেল ম্যানেজমেন্টে ন্যূনতম ১০ বছরের অভিজ্ঞ ফ্যাকাল্টি, (৩) কোর্সের প্রথম দিনেই এখানের ছেলেমেয়েদের ইন্ডাস্ট্রির সেরা সেরা হোটেলে পাঠানো হয় যাতে অন জব ট্রেনিং (OJT) এমনভাবে হয় যে, সেখান থেকেই তারা সরাসরি চাকরির অফার পেয়ে যায়, (৪) প্রতিটি কোর্সের ক্ষেত্রে ভরতির সময় জব বন্ড লেটার আবশ্যিক, (৫) কোর্স শুরুর ১ সপ্তাহের মধ্যে কলকাতার সেরা পাঁচতারা হোটেলে এখানের ছেলেমেয়েরা ইন্টার্নশিপ করে। এই সময় স্টাইপেন্ড হিসাবে মাসে ৫,০০০ থেকে ১০,০০০ টাকা পাওয়া যায়। (৬) ন্যাশনাল ও ইন্টারন্যাশনাল হোটেলিয়ারদের সঙ্গে ব্যাস্কমাইজড ইন্ডাস্ট্রিয়াল ব্রিজিং যাতে এখানের ছেলেমেয়েরা মুম্বই, পুনে, ব্যাঙ্গালোর, ম্যাঙ্গালোর, হায়দরাবাদ, কলকাতা সহ গ্রেড-এ শহরের সেরা হোটেল ব্র্যান্ডে খুব সহজেই চাকরি পেতে পারে। এছাড়া দুবাই, কাতার, মরিশাস, সিঙ্গাপুর, মালয়েশিয়া, মার্কিন যুক্তরাষ্ট্র, জার্মানিতে ইন্টারন্যাশনাল প্লেসমেন্টের জন্য আলাদা সেল, (৭) এখান থেকে পাশ করে শুরুতেই মাইনে হয় বছরে ২,১০,০০০ টাকা থেকে ২,২০,০০০ টাকা পর্যন্ত, যা এই সেক্টরে অত্যন্ত বিরল। (৮) সমাজে পিছিয়ে পড়া ছেলেমেয়েদের সহজ কিস্তিতে কোর্স ফী দেওয়ার সুবিধা, (৯) গ্যারান্টার ছাড়া ব্যাঙ্ক থেকে ঋণ পাওয়ার সুবিধা। এছাড়াও স্কলারশিপের ব্যবস্থাও আছে।

**এখান থেকে কোর্স পাশ করলে চাকরি পাবেই। গড় মাইনে ২,১০,০০০ টাকা**

কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়নের এক সার্ভে রিপোর্টে দেখা গেছে, উচ্চমাধ্যমিক পাশের পর সবচেয়ে বেশি চাকরি হয় হোটেল ও ট্যুরিজম সেক্টরে। কারণ, প্রতি মাসে সারা দেশে ৩০ থেকে ৪০টি নতুন হোটেল তৈরি হচ্ছে, অর্থাৎ এই সেক্টরে সারা দেশে প্রতি ৩ মাসে ৫০ থেকে ৬০ হাজার ছেলেমেয়ের চাকরি হয়। আর এই ধরনের কোয়ালিটি প্লেসমেন্ট দেওয়ার ব্যাপারে অনন্য নজির গড়ল কলকাতার নিউটাউনের কাছে থাকা BNG হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট। কিন্তু এই ধরনের চাকরির জন্য কী যোগ্যতা লাগে? ওই ইনস্টিটিউটের চেয়ারম্যান ও প্রিন্সিপাল বুধাদিত্য পাল জানান, 'দেখুন, আমাদের দেশের সবচেয়ে গ্রোয়িং সেক্টর হল হোটেল ও হসপিটালিটি ম্যানেজমেন্ট। এখানে সারা বছর ধরে নিয়োগ লেগেই থাকে। কিন্তু ঠিকঠাক প্রফেশনালদের অভাব সবসময় রয়েছে। কারণ আমাদের রাজ্যে খুব কম প্রতিষ্ঠানই আছে যেখান থেকে ট্রেনিং নিলে দেশ বা বিদেশের যেকোনো বড়ো ব্র্যান্ডের হোটেলে সহজেই চাকরি পাবে। আমাদের ইনস্টিটিউট এক্ষেত্রে ব্যতিক্রম। এখান থেকে পাশ করে সবচেয়ে বেশি মাইনের চাকরি হয় দেশের অন্যতম সেরা হোটেল গ্রুপ The Oberoi Group, Marriot, ITC, Taj, Radisson, Hyatt Regency, Trident, The Lalit, The Leela, Hillton, Park Inn, Ibis, Sheraton-এ। এটি এমন এক প্রতিষ্ঠান যেখানে অ্যাডমিশনের প্রথম দিন থেকেই ছেলেমেয়েরা ইন্ডাস্ট্রির সেরা সেরা হোটেলে ট্রেনিংয়ের (৬ মাস থেকে ১ বছরের) মাধ্যমে আয় করে। এখানে সার্টিফিকেট, ডিপ্লোমা, ভোকেশনাল ও হোটেল ম্যানেজমেন্টের ওপর বিভিন্ন ধরনের প্রফেশনাল কোর্স পড়ানো হয়। ন্যূনতম যোগ্যতা দরকার উচ্চমাধ্যমিক পাশ। আর বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে।' তাই উচ্চমাধ্যমিক পাশ করে চুপচাপ ঘরে বসে না থেকে, দেশের সেরা সেরা হোটেলে বিভিন্ন পদে চাকরি পেয়ে নিজেদের ভবিষ্যৎ নিজের হাতে গড়ার ব্যাপারে বিশদে জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে : 98307 96307 / 96740 62259 অথবা চলে আসুন সরাসরি এই ঠিকানায় : BNG হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট, সেক্টর-৫, সল্টলেক, কলকাতা।

# কেন্দ্রীয় সংস্থায় ৭ কর্মমুখী কোর্সে ভরতি

**নিজস্ব সংবাদদাতা, হাওড়া :** কেন্দ্রীয় সরকারের ক্ষুদ্র, ছোটো ও মাঝারি শিল্প মন্ত্রকের অধীন এনএসআইসি- টেকনিক্যাল সার্ভিসেস সেন্টারে ২০২৫-'২৭ সেশনে এনসিভিটি স্বীকৃত এই ৭টি আইটিআই ট্রেডে ভরতি নিচ্ছে : ইলেকট্রিশিয়ান, ফিটার, মেশিনিস্ট, সার্ভেয়ার, ড্রাফটসম্যান মেকানিক্যাল, টার্নার ও ওয়েল্ডার। প্রথম ৬টি ট্রেডের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার মাধ্যমিক পাশ। সব কোর্সের মেয়াদ ২ বছর। ওয়েল্ডার ট্রেডের ক্ষেত্রে যোগ্যতা দরকার এইট পাশ ও মেয়াদ ১ বছর। আধুনিক পরিকাঠামো, অভিজ্ঞ শিক্ষকরা পড়ান। সব ক্ষেত্রে অন জব ট্রেনিং ও ইন্ডাস্ট্রি ভিজিটের সুযোগ রয়েছে। চাকরির ক্ষেত্রে সাহায্য করা হয়। আগে আসার ভিত্তিতে সুযোগ। এ কথা নিশ্চিতভাবে বলা যায়, এখান থেকে ট্রেনিং নিলে চাকরি হবেই। ভরতির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : এনএসআইসি- টেকনিক্যাল সার্ভিসেস সেন্টার, জাপানিগেট, বান্টিকুরি, হাওড়া। ফোন- 8910394968, 8134994989, 8777828421. ওয়েবসাইট : https://www.nsic.co.in/NTSC/Howrah.

# রাজ্য সরকারি চাকরি — প্রস্তুতির রোডম্যাপ

বর্তমান সময়ের নিরীখে রাজ্য সরকারের চাকরিতে নিয়োগের ক্ষেত্রে এক 'উতল হাওয়া' বইছে। এর নেপথ্যে কারণগুলি হল — নতুন সরকারের আগমন, সরকারি চাকরিতে নিয়োগের বয়স সীমা বৃদ্ধি, দপ্তর অনুসারে শূন্যপদের নতুন পুনর্বিন্যাস ও পুনর্নির্ধারণ প্রক্রিয়া, নিয়োগ সংস্থাগুলির আবার স্বাভাবিক গতিতে ফেরা, প্রভৃতি। তাই আমাদের রাজ্যের শিক্ষিত বেকার যুবক-যুবতীদের মধ্যে নবরূপে প্রস্তুতির এক সাজসাজ রব চারিদিকে লক্ষ্য করা যাচ্ছে। এমতাবস্থায় কী হবে প্রস্তুতির রোড-ম্যাপ? এই বিষয়ে সকল সন্দেহের নিরসনে গুরুত্বপূর্ণ আলোকপাত করলেন বিশিষ্ট শিক্ষক তথা ক্যাসেস এডুকেশন, কলকাতার মাননীয় শিক্ষাধ্যক্ষ টি.কে. মিত্র মহাশয়।

প্রথমে কবির ভাষায় বলব — 'এই তুফান ভারী, দিতে হবে পাড়ি, নিতে হবে তরী পার।' সরকার পতনের সঙ্গে সঙ্গে যেমন অনেক কিছুরই পতন ঘটেছে, তেমনি অনেক কিছু নবরূপে আবির্ভূতও হয়েছে। যেমন একটি হল সরকারি পদে পূর্ণ নিয়োগ প্রক্রিয়া চালু। দীর্ঘ দিন যাবৎ রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে প্রায় পাঁচ লক্ষাধিক শূন্যপদ খালি পড়েছিল, বর্তমান সময়ের প্রেক্ষিতে সে সকল পদে নিয়োগে নতুন তোড়জোড় চলছে। এমতাবস্থায় প্রস্তুতি শিরধার্য। এই প্রস্তুতির রোডম্যাপ সম্পর্কে বলতে গিয়ে বলব, সকলকে প্রিলিমনস ও মেইন্স এই দুই ধরনের প্রস্তুতিকে একসঙ্গে চালিয়ে যেতে হবে। কেন না, রাজ্য সরকারের অধিকাংশ পরীক্ষাগুলি এখনও ডেসক্রিপ্টিভ ধাঁচের। বিজ্ঞপ্তির সময় বা শূন্যপদের সংখ্যা দেখে প্রস্তুতির ব্যাপারে মনঃস্থির করা চলবে না। সকল পরীক্ষাগুলিকে প্রস্তুতির স্বার্থে তিনটি ক্যাটেগরিতে ভাগ করতে হবে। যথা — ১) পি.এস.সি ওরিয়েন্টেড পরীক্ষা, ২) পুলিশের পরীক্ষা ও ৩) শিক্ষক নিয়োগের পরীক্ষা। মনে রাখতে হবে, এই তিনটি ক্যাটেগরির পরীক্ষার সিলেবাস, নম্বর বিভাজন, নিয়োগ পদ্ধতি ভিন্ন-ভিন্ন। তাই প্রস্তুতির সময় সব কিছুকে গুলিয়ে ফেললে চলবে না। সব বিষয়ের ওপর প্রস্তুতি নিতে হবে ও তাতে কোনো ফাঁক-ফোকর রাখা চলবে না। প্রস্তুতি পর্বকে সুনিপুণভাবে চালিয়ে নিয়ে যেতে ক্যাসেস এডুকেশন, কলকাতা চালু করেছে বিভিন্ন প্রস্তুতি মডিউল। এই মডিউলগুলো ফলো করলে সাফল্য অনিবার্য, এই বিষয়ে বিস্তারিত জানতে যোগাযোগ করুন : CACES Education, 35, A.P.C Road, (Near Jagat Cinema), Kol-9, Whatsapp-9062756906, 9123325910.


কল্যাণী এইমস'এর পাশে গড়ে উঠেছে সরকার স্বীকৃত সেরা নার্সিং কলেজ

SANJOY MEMORIAL ACADEMY OF NURSING AND RESEARCH

INC, WBNC & WBUHS স্বীকৃত




Courses Offered

B.Sc নার্সিং 60 Seats (4 Years)

GNM নার্সিং 60 Seats (3 Years)

Admission Open for Current Academic Session

যে কোনো বয়সের মেয়েরাই আবেদন করতে পারেন।

সবচেয়ে কম খরচে পড়ার সুযোগ

● হস্টেলের সুবিধা আছে। তবে তা আবশ্যিক নয়। বাড়ি থেকেও যাতায়াত করতে পারবেন। এই সুযোগ অনেক কলেজেই পাবেন না।

স্টুডেন্ট ক্রেডিট কার্ডের মাধ্যমে লোনের সুবিধা আছে।

যোগাযোগ : Gate No. 7 (Near AIIMS, Kalyani) Ballindi, Haringhata, Jaguli, Kalyani - 741246

Ph. : 9903205182, 8017656252

N.B : MBS Multi-Speciality Hospital (107 Bed) Opening soon in this year


# মালদহে ইন্টারঅ্যাক্টিভ কেরিয়ার ফেয়ার

১ পাতার পর

ম্যানেজমেন্ট কোর্স, হসপিটালিটি ম্যানেজমেন্ট, আই.টি.আই, ডিপ্লোমা, বি.বি.এ., বি.সি.এ., হসপিটাল ম্যানেজমেন্ট, অ্যাভিয়েশন, অ্যানিমেশন, কোডিং, ওয়েব ডিজাইনিং, সফটওয়্যার টেস্টিং, ডিজিটাল মার্কেটিং, ডেটা অ্যানালিটিক্স, ইউ.আই / ইউ. এক্স ডিজাইন, অ্যাগ্রিকালচার, সফটস্কিলের মতো পেশাদার কোর্স পড়ানো হয় আর এইসব কোর্সের ভবিষ্যতই বা কেমন তা নিয়ে সরাসরি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় ও কলেজ, কর্তৃপক্ষর সঙ্গে কথা বলতে মালদহেই 'ইন্টারঅ্যাক্টিভ কেরিয়ার ফেয়ার'এর ব্যবস্থা হয়েছে।

সারা দেশে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের চাকরির প্রেক্ষাপট এখন পুরোপুরি বদলাচ্ছে। সরকারি ও বেসরকারি কোন-কোন ক্ষেত্রে চাকরির সুযোগ বাড়ছে, আগামী দিনে কোন-কোন চাকরি উন্নতির সোপান হয়ে উঠবে — আর সেজন্য কীভাবে নিজেকে তৈরি করে নিতে হবে, তার-ই গাইডেন্স দেওয়া হবে এই 'কেরিয়ার ফেয়ার' থেকে।

**কর্মসংস্থান** ও **Appointment & Career News**-এর উদ্যোগে ২৯ ও ৩০ মে, শুক্রবার ও শনিবার মালদহ জেলা শহরের সাহাপুরের লাগোয়া বি.এম. গ্র্যান্ড হোটেলে 'কেরিয়ার ফেয়ার' হচ্ছে। উপস্থাপনায় 'সুখবর' দৈনিক পত্রিকা।

২ দিনের এই কেরিয়ার ফেয়ারে নানা শিক্ষা প্রতিষ্ঠান ও সংস্থার প্রধানরা জানাবেন মাধ্যমিক, উচ্চমাধ্যমিক বা ডিগ্রি কোর্স পাশ করার পর কোন কোন সরকারি চাকরির পরীক্ষা দেওয়া যায়, কীভাবে ওইসব পরীক্ষায় সফল হওয়া যায়। পাশাপাশি বাজারের চাহিদা অনুযায়ী কোন কোন পেশাদার বা বৃত্তিমূলক কোর্স, কম কোর্স ফীতে, কোথা থেকে পড়া যায়, কোথায় কীভাবে উজ্জ্বল কেরিয়ার গড়া যায়, কোর্স পড়ার জন্য কীভাবে ব্যাঙ্ক থেকে ঋণ পাবেন — এইসব নানা জরুরি পরামর্শ দেওয়া হবে। থাকছে রাজ্য ও দেশের প্রথম সারির ডিগ্রি, ডিপ্লোমা, আই.টি.আই., নার্সিং, প্যারামেডিক্যাল, ফার্মাসিউটিক্যাল, অ্যাগ্রিকালচার-সহ অন্যান্য টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল কলেজ আর সরকারি চাকরির কোচিং ইনস্টিটিউটের আউটলেট। এছাড়াও বিভিন্ন পেশাগত কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষার কোচিং কোথায় পড়ানো হয়, তার খোঁজখবর পাবেন। বিনা খরচায় এমন সুবর্ণ সুযোগ আর মিলবে না। ২ দিনের এই কেরিয়ার ফেয়ারে যে কেউ আসতে পারেন। কোনো প্রবেশ মূল্য নেই। উপরন্তু থাকছে ফ্রি গিফট ও টিফিনের ব্যবস্থা। এখনই আগাম নাম নথিভুক্ত করার জন্য আর এই কেরিয়ার ফেয়ার নিয়ে বিস্তারিত জানতে ফোন করুন এই নম্বরে : ৬২৯১৬৮৪৯৪৩।

এবার মালদহর ছেলেমেয়েদের জন্য 'দুয়ারে **কর্মসংস্থান**'। মেলায় 'কর্মসংস্থান', 'সাফল্য', 'Appointment & Career News' ও দৈনিক 'সুখবর' পত্রিকার স্টলে এসে যেকেউ চাকরির বিভিন্ন পরীক্ষা নিয়ে তাঁদের যাবতীয় প্রশ্নর উত্তর পাবেন সরাসরি।

২৯ ও ৩০ মে মালদায় বি.এম গ্র্যান্ডে 'কেরিয়ার ফেয়ার'এ রাজ্য ও দেশের এইসব বিশ্ববিদ্যালয়, কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠান অংশগ্রহণ করবে : (১) এন.সি.এস.এম (টাইটেল স্পন্সর)। এছাড়াও সহযোগী পার্টনার হিসাবে থাকছে এইসব শিক্ষা প্রতিষ্ঠান : (২) রাইস এডুকেশন, (৩) জে.আই.এস গ্রুপ, (৪) পারুল ইউনিভার্সিটি, (৫) আইডিয়াল ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড আইডিয়াল ইনস্টিটিউট অফ নার্সিং, (৬) ডলফিন স্কুল অফ হোটেল ম্যানেজমেন্ট, (৭) ডিসান অ্যাকাডেমি, (৮) গীতাঞ্জলি গ্রুপ অফ ইনস্টিটিউট, (৯) টি.আই.ই.এম হোটেল অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট অ্যান্ড কলেজ, (১০) সিকম স্কিল ইউনিভার্সিটি, (১১) সিকিম মণিপাল ইনস্টিটিউট অফ টেকনোলজি, (১২) ড. বি.সি.রায় কলেজ, (১৩) বাঁকুড়া উন্নয়নী, (১৪) বি.এস.এইচ.এম, (১৫) ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ প্যাকেজিং, (১৬) ক্যামেলিয়া গ্রুপ অফ কলেজ, (১৭) মনমোহিনী অ্যাকাডেমিক ইনস্টিটিউশন, (১৮) টেকনো ইন্ডিয়া ইউনিভার্সিটি, (১৯) সুভাষ বোস ইনস্টিটিউট অফ হোটেল ম্যানেজমেন্ট, (২০) জে.এন.এম.এস, (২১) ইনোটেক এডুহাব, (২২) এম.ভি.এ.সি.সি, (২৩) কলেজ ভাইভ, (২৪) বিকেয়ার পলিটেকনিক, (২৫) সুশ্রীজো ইনস্টিটিউট অফ প্যারামেডিক্যাল অ্যান্ড অ্যাগ্রিকালচারাল সায়েন্স অ্যান্ড টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট, (২৬) নির্মলা ফাউন্ডেশন, (২৭) এস.বি. স্কুল অফ নার্সিং, (২৮) অ্যাসপায়ার অ্যাকাডেমি।

## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশের পর স্বাস্থ্য পরিষেবায় কর্মসংস্থানের বিপুল সুযোগ

# কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত প্যারামেডিক্যালের নানা কর্মমুখী কোর্সে ভরতি চলছে

**নিজস্ব সংবাদদাতা, কৃষ্ণনগর :** কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত ও All India Survey on Higher Education (AISHE) স্বীকৃত প্রতিষ্ঠান - Susrijo Insitute of Paramedical Technology and Optometry (SIPTO)-তে নতুন অ্যাকাডেমিক সেশনে (২০২৬-২০২৭) ১২টি কর্মমুখী প্যারামেডিক্যাল কোর্সে ভরতি নেওয়া হচ্ছে : (১) ডিপ্লোমা ইন অপ্টোমেট্রিক্যাল সায়েন্স অ্যান্ড অপথ্যালমিক টেকনিক (DOS & OT). (২) ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিক (DMLT), (৩) ডিপ্লোমা ইন মেডিক্যাল রেডিওলজি টেকনিক (DMRT), (৪) ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি টেকনিক (DPT), (৫) ডিপ্লোমা ইন ডেন্টাল টেকনিক অ্যান্ড ওরাল হাইজিন (DDT & OH), (৬) ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনোলজি (DOTT), (৭) ডিপ্লোমা ইন ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি (DCCT), (৮) ডিপ্লোমা ইন ইলেক্ট্রোকার্ডিওগ্রাফি টেকনিক অ্যান্ড পিএফটি (DECGT & PFT), (৯) ডিপ্লোমা ইন ডায়ালিসিস টেকনিশিয়ান (DDT)। সবক'টি কোর্সের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল কোর্স পাশ। তবে কমার্স ও আর্টস শাখার ছেলেমেয়েরাও আবেদন করতে পারবেন, সেক্ষেত্রে তাদের ১ বছরের একটি ব্রিজ কোর্স প্রি অপ্টোমেট্রি অ্যান্ড প্রি টেকনোলজি মূল কোর্সের সঙ্গে একইসঙ্গে করে নিতে হবে। প্রতিটি কোর্সের মেয়াদ ২ বছর ও ৬ মাসের ইন্টার্নশিপ। এছাড়াও এখানে মাধ্যমিক যোগ্যতায় ভরতি নেওয়া হচ্ছে এই কোর্সে : (১) সার্টিফিকেট ইন কমিউনিটি মেডিক্যাল সার্ভিস অ্যান্ড এসেন্সিয়াল ড্রাগ (CCMS & ED), (২) সার্টিফিকেট ইন স্যানিটারি ইন্সপেকশন (CSI)। দু'টি কোর্সের মেয়াদ ১ বছর ও ৬ মাসের ইন্টার্নশিপ। এছাড়াও গ্র্যাজুয়েটদের জন্য চাকরির উপযোগী পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন হসপিটাল ম্যানেজমেন্ট কোর্স পড়ানো হয়। সময়সীমা ১ বছর ও ৬ মাসের ইন্টার্নশিপ। এই কোর্স করার পর ছাত্রছাত্রীদের বেসরকারি ক্ষেত্র ছাড়াও সরকারি হাসপাতালে অ্যাসিস্ট্যান্ট সুপার পদে চাকরি পাওয়ার সুযোগ আছে। সরকারি পরিকাঠামো, আধুনিক ল্যাবরেটরি ও কল্যাণী বিশ্ববিদ্যালয় নির্বাচিত অভিজ্ঞ শিক্ষকমণ্ডলীর তত্ত্বাবধানে মনোরম ও শিক্ষাবান্ধব পরিবেশে পাঠদান করা হয়, যা শিক্ষার্থীদের সামগ্রিক দক্ষতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করে। ছাত্রছাত্রীরা এখানে ক্রেডিট কার্ডের মাধ্যমে ব্যাঙ্ক লোনের সুবিধা পাবেন। কোর্স করার সময় ছাত্রছাত্রীরা পাবেন সরকারি স্কলারশিপ গ্রহণের সুযোগ। এছাড়াও রয়েছে মাসিক কিস্তিতে কোর্স ফী দেওয়ার সুযোগ। দূরবর্তী ছাত্রছাত্রীদের জন্য আলাদা হোস্টেলের ব্যবস্থা আছে। কোর্স শেষে ছাত্রছাত্রীরা The West Bengal Allied Medical and Para-Medical Council-এ নাম নথিভুক্ত করতে পারবে। এখান থেকে পাশ করার পর ছেলেমেয়েদের পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দফতর ছাড়াও বিভিন্ন সরকারি, বেসরকারি হাসপাতালে প্রচুর চাকরির সুযোগ রয়েছে। সঙ্গে রয়েছে স্বাধীন ব্যবসার সুযোগ। তাই সময় নষ্ট না করে তাড়াতাড়ি ও কিছুটা অভিনব এইসব চাকরির জন্য ভরতি হতে পারেন কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত এই প্রতিষ্ঠানে। ভরতির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : Susrijo Institute of Paramedical Technology and Optometry (SIPTO). মেইন ক্যাম্পাস (কৃষ্ণনগর) : Webel IT Park, Krishnagar, Nadia (Near Krishnanagar Horticulture Office). Phone : 9239242140, 9382415291.

**বহরমপুর ক্যাম্পাস :** 20/1, Madhupur Road, P.O. & P.S.- Berhampore, Dist.- Murshidabad, W.B., Phone : 9239242138, 9382415291. Website : www.sipto.in, Email: sipto19@gmail.com

# বিমানবাহিনীতে ৩০২ অফিসার

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : ভারতীয় বিমানবাহিনী শর্ট সার্ভিস কমিশনে 'ফ্লাইং ব্রাঞ্চ', 'গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল)', 'গ্রাউন্ড ডিউটি (নন-টেকনিক্যাল)' ও 'ফ্লাইং ব্রাঞ্চে (এন.সি.সি. স্পেশাল এন্ট্রি)' অফিসার' পদে ৩০২ জন অবিবাহিত তরুণ-তরুণী নিচ্ছে। কারা কোন শাখার জন্য যোগ্য:

**ফ্লাইং ব্রাঞ্চ :** মোট অন্তত ৬০%নম্বর পেয়ে ৩ বছরের গ্র্যাজুয়েটরা যোগ্য। মোট অন্তত ৬০%নম্বর পেয়ে ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. / বি.টেক.) কোর্স পাশরাও যোগ্য। সব ক্ষেত্রে উচ্চমাধ্যমিকে ফিজিক্স ও অঙ্ক বিষয়ের প্রতিটিতে ৫০%নম্বর পেয়ে থাকতে হবে। শূন্যপদ : ছেলেদের জন্য ৩০টি, মেয়েদের জন্য ৫টি। নেওয়া হবে 222/27F/SSC/M&W.

**গ্রাউন্ড ডিউটি (নন-টেকনিক্যাল) ব্রাঞ্চে নেওয়া হবে এইসব শাখায় :**

**অ্যাডমিনিস্ট্রেশন :** মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ৩ বছরের গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা যোগ্য। দৃষ্টিশক্তি দরকার প্রতি চোখে ৬/৯ যা চশমা পড়ে ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। রং চেনার ক্ষমতা দরকার CP-I. শূন্যপদ : ছেলেদের জন্য ৫০টি, মেয়েদের জন্য ১২টি। কোর্স নং : 221/27G/SSC/M&W.

**এডুকেশন :** মোট অন্তত ৫০% নম্বর পেয়ে যে কোনো শাখার পোস্ট-গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। উচ্চমাধ্যমিক ও ডিগ্রি কোর্সে অন্তত ৬০% নম্বর পেয়ে থাকতে হবে। দৃষ্টিশক্তি দরকার ভালো চোখে ৬/৯ ও খারাপ চোখে ৬/১৮। রং চেনার ক্ষমতা দরকার CP-III. শূন্যপদ : ছেলেদের জন্য ১টি, মেয়েদের জন্য ২টি। কোর্স নং : 221/27G/SSC/M&W.

**লজিস্টিক্স :** মোট অন্তত ৬০% নম্বর পেয়ে গ্র্যাজুয়েটরা যোগ্য। দৃষ্টিশক্তি দরকার ভালো চোখে ৬/৯ ও খারাপ চোখে ৬/১৮। রং চেনার ক্ষমতা দরকার CP-III. শূন্যপদ : ছেলেদের জন্য ৪টি, মেয়েদের জন্য ২টি। কোর্স নং : 221/27G/SSC/M&W.

**অ্যাকাউন্টস :** মোট অন্তত ৬০% নম্বর পেয়ে কমার্স শাখার গ্র্যাজুয়েট/ফিনান্স স্পেশালাইজেশন হিসাবে বি.এসসি. পাশ /ফিনান্স বিষয় নিয়ে বি.বি.এ. কিংবা চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি, কস্ট অ্যাকাউন্ট্যান্সি বা, চার্টার্ড ফিনান্সিয়াল অ্যাকাউন্ট্যান্সি কোর্স পাশ হলে যোগ্য। দৃষ্টিশক্তি দরকার ভালো চোখে ৬/৯ ও খারাপ চোখে ৬/১৮। রং চেনার ক্ষমতা দরকার CP-III. শূন্যপদ : ছেলেদের জন্য ৫টি, মেয়েদের জন্য ২টি। কোর্স নং : 221/27G/SSC/M&W.

**ওয়েপন্স সিস্টেম (ডব্লু.এস.) ব্রাঞ্চ :** অঙ্ক ও ফিজিক্সের প্রতিটি বিষয়ে মোট অন্তত ৫০% নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ডিগ্রি কোর্স পাশ হলে যোগ্য। মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশ হলেও যোগ্য। দৃষ্টিশক্তি দরকার ভালো চোখে ৬/৯ ও খারাপ চোখে ৬/১৮। রং চেনার ক্ষমতা দরকার CP-III. শূন্যপদ : ছেলেদের জন্য ২১টি, মেয়েদের জন্য ৫টি। কোর্স নং : 221/27G/SSC/M&W.

**মেটেরোলজি :** অঙ্ক ও ফিজিক্স বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশের পর ওইসব বিষয় নিয়ে বি.এসসি. কোর্সে মোট অন্তত ৬০%নম্বর পেয়ে থাকলে যোগ্য। মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশ হলেও যোগ্য। দৃষ্টিশক্তি দরকার ভালো চোখে ৬/৯ ও খারাপ চোখে ৬/১৮। রং চেনার ক্ষমতা দরকার CP-III. শূন্যপদ : ছেলেদের জন্য ১টি, মেয়েদের জন্য ২টি। কোর্স নং : 221/27G/SSC/M&W.

**গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল ব্রাঞ্চে) নেওয়া হবে এইসব শাখায় :**

**অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রনিক্স ) :** ফিজিক্স ও অঙ্ক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা ওই দুই বিষয়ের প্রতিটিতে অন্তত ৫০%নম্বর পেয়ে থাকলে যোগ্য। এছাড়াও নিচের এইসব ট্রেডে মোট অন্তত ৬০%নম্বর পেয়ে ৪ বছরের ডিগ্রি বা, ইন্টিগ্রেটেড পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশ হতে হবে : অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং / অ্যাপ্লিকেশন, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং /টেকনোলজি, ইলেক্ট্রনিক্স সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেকট্রনিক্স অ্যান্ড কম্পিউটার সায়েন্স, টেলিকমিউনিকেশন, ইলেকট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেকট্রনিক্স অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক্স কমিউনিকেশন অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক্স ইন্সট্রুমেন্ট অ্যান্ড কন্ট্রোল, ইলেকট্রনিক্স ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইন্সট্রুমেন্ট অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন টেকনোলজি, স্পেসক্র্যাফট টেকনোলজি, ইঞ্জিনিয়ারিং ফিজিক্স, ইলেকট্রিক পাওয়ার অ্যান্ড মেশিনারি ইঞ্জিনিয়ারিং, ইনফোটেক ইঞ্জিনিয়ারিং বা, সাইবার সিকিউরিটি। শূন্যপদ : পার্মানেন্ট কমিশনে ৪টি (ছেলে ২টি ও মেয়ে ২টি) আর শর্ট সার্ভিস কমিশনে ছেলেদের জন্য ১০৭টি, মেয়েদের জন্য ২৫টি। কোর্স নং : 221/27T/PC/111AEC/M&W.

**অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল) :** ফিজিক্স ও অঙ্ক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা ওই দুই বিষয়ের প্রতিটিতে অন্তত ৫০%নম্বর পেয়ে থাকলে যোগ্য। এছাড়াও নিচের এইসব ট্রেডে মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ৪ বছরের ডিগ্রি বা, ইন্টিগ্রেটেড পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশ হতে হবে : অ্যারোস্পেস, অ্যারোনটিক্যাল, এয়ারক্র্যাফট মেন্টেন্যান্স, মেকানিক্যাল, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড অটোমেশন, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (প্রোডাকশন), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (রিপেয়ার অ্যান্ড মেন্টেন্যান্স), মেকাট্রনিক্স, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিং, প্রোডাকশন অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল, মেটেরিয়াল সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, মেটালার্জিক্যাল অ্যান্ড মেটেরিয়ালস ইঞ্জিনিয়ারিং, অ্যারোস্পেস অ্যান্ড অ্যাপ্লায়েড মেকানিক্স, অটোমেটিভ ইঞ্জিনিয়ার, রোবোটিক্স, ন্যানোটেকনোলজি, রাবার টেকনোলজি, রাবার ইঞ্জিনিয়ারিং। শূন্যপদ : পার্মানেন্ট কমিশনে ১০টি (ছেলে ৮টি ও মেয়ে ২টি) আর শর্ট সার্ভিস কমিশনে ছেলেদের জন্য ৫২টি, মেয়েদের জন্য ১৩টি। কোর্স নং : 221/27T/SSC/111AEC/M&W.

গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল) ব্রাঞ্চের বেলায় বয়স হতে হবে ১-১-২০২৭'র হিসাবে ২০ থেকে ২৬বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০১ থেকে ১-৭-২০০৭'এর মধ্যে। শুরুতে ৭৪ সপ্তাহের ট্রেনিং শুরু হবে ২০২৭ সালের জানুয়ারিতে হায়দরাবাদের এয়ার ফোর্স অ্যাকাডেমিতে, ফ্লাইট ক্যাডেট হিসাবে। ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন মাসে ৫৬১০০ টাকা। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি আর মেয়েদের বেলায় ১৫২ সেমি। ট্রেনিংয়ে সফল হলে 'ফ্লাইং অফিসার' পদে চাকরি। তখন মূল মাইনে : ৫৬১০০-১,৭৭,৫০০ টাকা।

**এন.সি.সি. স্পেশাল এন্ট্রি (ফ্লাইং ব্রাঞ্চ) :** অঙ্ক ও ফিজিক্স বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৬০%নম্বর পেয়ে থাকলে যোগ্য। মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলেও যোগ্য। সব ক্ষেত্রে এন.সি.সি.'র এয়ার উইং সিনিয়র ডিভিশনে 'সি' সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। দৃষ্টিশক্তি দরকার প্রতি চোখে ৬/৯ যা চশমা পড়ে ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। রং চেনার ক্ষমতা দরকার CP-I. চাকরি হবে 222/27F/PC/M, 222/27F/SSC/M&W.

ফ্লাইং ব্রাঞ্চ ও এন.সি.সি. স্পেশাল এন্ট্রি পদের বেলায় বয়স হতে হবে ১-৭-২০২৭'র হিসাবে ২০ থেকে ২৪ বছরের মধ্যে, অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-৭-২০০৩ থেকে ১-৭-২০০৭'এর মধ্যে। কমার্শিয়াল পাইলট লাইসেন্স থাকলে জন্মতারিখ হতে হবে ২-৭-২০০১ থেকে ১-৭-২০০৭'এর মধ্যে। শারীরিক মাপজোখ হতে হবে ছেলেমেয়েদের বেলায় লম্বায় অন্তত ১৬২.৫ সেমি, পায়ের মাপ হতে হবে লম্বায় ৯৯ থেকে ১২০ সেমির মধ্যে, থাইয়ের দৈর্ঘ্য ৬৪ সেমি, সিটিং হাইট ৮১.৫ সেমি থেকে ৯৬ সেমির মধ্যে আর দৃষ্টিশক্তি দরকার এক চোখে ৬/৬ ও অন্য চোখে ৬/৯। এই পদের বিজ্ঞপ্তি নং : 02/2026 / NCC Special Entry for Courses Commencing in July, 2027.

প্রার্থী বাছাই হবে 'এয়ারফোর্স কমন অ্যাডমিশন টেস্ট (AFCAT)'এর মাধ্যমে। পরীক্ষা হবে ৮ আগস্ট। কলকাতা, কলাইকুন্ডা (খড়গপুর), গুয়াহাটি, সালুয়া (খড়গপুর), হাসিমারা, শিলং এয়ারফোর্স ক্যাম্পে। ২ ঘন্টার ৩০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে মাল্টিপল চয়েজ টাইপের এইসব বিষয়ে : ভার্বাল এবিলিটি ইন ইংলিশ, নিউমেরিক্যাল এবিলিটি, রিজনিং, জেনারেল অ্যাওয়ারনেস অ্যান্ড অ্যাপ্টিটিউড, মিলিটারি অ্যাপ্টিটিউড টেস্ট।

ইঞ্জিনিয়ারিং নলেজ টেস্টে মেকানিক্যাল, কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রিক্যাল ও ইলেক্ট্রনিক্স সংক্রান্ত ১৫০ নম্বরের ৫০টি প্রশ্ন হবে। সময় থাকবে ৪৫ মিনিট।

সফল হলে এয়ারফোর্স সিলেকশন বোর্ডের পরীক্ষা হবে দেরাদুন, মহীশউর ও বারাণসীতে। এই টেস্টে প্রথম পর্যায়ে থাকবে ইন্টেলিজেন্স টেস্ট, পিকচার পার্সেপশন ও ডিসকাশন টেস্ট। দ্বিতীয় পর্যায়ে হবে সাইকোলজিক্যাল টেস্ট, গ্রুপ টেস্ট ও ইন্টারভিউ। দ্বিতীয় পর্বের পরীক্ষার পর 'ফ্লাইং ব্রাঞ্চ'এর জন্য পাইলট অ্যাপ্টিটিউড ব্যাটারি টেস্ট আর 'টেকনিক্যাল ব্রাঞ্চ'এর জন্য ইঞ্জিনিয়ারিং নলেজ টেস্ট হবে। সবশেষে ডাক্তারি পরীক্ষা। ওপরের সব কোর্সের বেলায় ট্রেনিং হবে ২০২৭ সালের জুলাইয়ে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস ওয়েবসাইটে পাবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৯ জুনের মধ্যে। এই ওয়েবসাইটে : https://careerindianairforce.cdac.in, https://afcat.edcil.co.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। দরখাস্ত করার আগে পাশপোর্ট মাপের রঙিন ফটো স্ক্যান করে নিয়ে যাবেন ১০ থেকে ৫০ কে.বি'র মধ্যে। এবার পরীক্ষা ফী বাবদ ৫৫০ টাকা অনলাইনে দিতে হবে। তবে এন.সি.সি. স্পেশাল এন্ট্রির বেলায় পরীক্ষা ফী লাগবে না। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষায়

১ পাতার পর

করেছে। রাজ্য সরকার ১৪ মে এক নির্দেশিকায় জানিয়েছিল, সরকারি চাকরির ক্ষেত্রে বয়স ৫ বছর বাড়বে ও তা ১১ মে থেকে কার্যকরী হবে। তাই মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার বয়স বাড়ল ও দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ বাড়িয়ে ৯ জুন করা হয়েছে। এই পদের জন্য বয়স, শিক্ষাগত যোগ্যতা, প্রার্থী বাছাই পদ্ধতি ইত্যাদি নিচে দেওয়া হল:

যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা ১-১-২০২৪'র হিসাবে ২০ থেকে ৪৪ বছরের মধ্যে বয়স হলে আবেদন করতে পারেন। জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৮০ থেকে ১-১-২০০৪'এর মধ্যে। পশ্চিমবঙ্গের তপশিলী সম্প্রদায়ের প্রার্থীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর ও দৈহিক প্রতিবন্ধীরা ৬ বছর বয়সে ছাড় পাবেন। অসম, ত্রিপুরা ও বিহার রাজ্যের ছেলেমেয়েরা 'সাধারণ প্রার্থী' হিসাবে আবেদন করার যোগ্য।

এক্সাইজ দফতরের 'সাব-ইন্সপেক্টর' পদের বেলায় শারীরিক মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬০ (আদিবাসী ও গোর্খাদের বেলায় ১৫২.৪) সেমি আর বুকের ছাতি না-ফুলিয়ে ৭১ সেমি ও ফুলিয়ে ৭৬ সেমি থাকা দরকার। মহিলারা শুধুমাত্র এই পদের জন্য আবেদন করবেন না।

চাকরি হবে এইসব পদে : (১) অ্যাসিস্ট্যান্ট চাইল্ড ডেভেলপমেন্ট প্রোজেক্ট অফিসার, (২) ডিজাস্টার ম্যানেজমেন্ট অফিসার /ব্লক ডিজাস্টার ম্যানেজমেন্ট অফিসার, (৩) ব্লক ইয়ুথ অফিসার/ মিউনিসিপ্যাল ইয়ুথ অফিসার/ বোরো ইয়ুথ অফিসার, (৪) ব্লক ওয়েলফেয়ারের অফিসার/ওয়েলফেয়ার অফিসার, (৫) ব্যাকওয়ার্ড ক্লাসেস ওয়েলফেয়ারের ইন্সপেক্টর, (৬) অ্যাসিস্ট্যান্ট অ্যাগ্রিকালচারাল মার্কেটিং অফিসার, (৭) অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রাম অফিসার, (৮) কন্ট্রোলার অফ কারেকশনাল সার্ভিসেস, (৯) অ্যাগ্রিকালচারাল ইনকাম ট্যাক্সের ইন্সপেক্টর, (১০) কনজিউমার ওয়েলফেয়ার অফিসার, (১১) সেভিংস ডেভেলপমেন্ট অফিসার, (১২) পশ্চিমবঙ্গ সাব-অর্ডিনেট লেবার সার্ভিস, (১৩) কো-অপারেটিভ সোসাইটির অডিটর, (১৪) বোর্ড অফ রেভিনিউয়ের অ্যাসিস্ট্যান্ট অডিটর, (১৫) এক্সটেনশন অফিসার, ম্যাস এডুকেশন এক্সটেনশন, (১৬) লেডি এক্সটেনশন অফিসার, ম্যাস এডুকেশন এক্সটেনশন, (১৭) কারেকশনাল সার্ভিসেস'এর অ্যাসিস্ট্যান্ট কন্ট্রোলার, (১৮) ইনভেস্টিগেটিং ইন্সপেক্টর, (১৯) রেভেনিউ ইন্সপেক্টর ও নির্দিষ্ট কিছু পদ। সাব-ইন্সপেক্টর অফ এক্সাইজের বেলায় মহিলারা আবেদনের যোগ্য নন। অন্যদিকে, লেডি এক্সটেনশন অফিসার পদের বেলায় ছেলেরা যোগ্য নন।

মূল মাইনে : ১-১১নং পদের বেলায় ৩২,১০০-৮২,৯০০ টাকা। ১২-১৯ নং পদের বেলায় ২৮,৯০০-৭৪,৫০০ টাকা। মূল মাইনে ছাড়া যথারীতি অন্যান্য ভাতাও পাবেন। চাকরি হবে অস্থায়ীভিত্তিতে। শূন্যপদের সংখ্যা পরে জানানো হবে। তপশিলী জাতি, তপশিলী উপজাতি, ও.বি.সি. (এ-ক্যাটেগরি), ও.বি.সি. (বি-ক্যাটেগরি), প্রতিবন্ধীরা, মেধাবী খেলোয়াড় আর নিচের এইসব খেলায় জাতীয়, আন্তঃবিশ্ববিদ্যালয় স্তরে প্রতিনিধিত্ব করে থাকা প্রার্থীদের জন্য যথারীতি শূন্যপদ সংরক্ষিত আছে। খেলাগুলি হল: অ্যাথলেটিক্স, ব্যাডমিন্টন, বাস্কেট বল, ক্রিকেট, ফুটবল, হকি, সুইমিং, টেবিল টেনিস, ভলিবল, টেনিস, ওয়েটলিফটিং, রেস্টলিং, বক্সিং, সাইকেলিং, জিমন্যাস্টিক্স, জুডো, রাইফেল শ্যুটিং, কবাডি, খো-খো। এই পদের বিজ্ঞপ্তি নং : 13/2024.

প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন। '২০২৪ সালের মিসলেনিয়াস সার্ভিসেস রিক্রুটমেন্ট পরীক্ষা'র মাধ্যমে। পরীক্ষা হবে এই তিনটি ধাপে : (১) প্রিলিমিনারি পরীক্ষা, (২) ফাইনাল মেন পরীক্ষা (কনভেনশনাল টাইপের), (৩) পার্সোন্যালিটি টেস্ট। প্রিলিমিনারি পরীক্ষা কবে হবে তা এখনো ঠিক হয়নি।

প্রথমে প্রিলিমিনারি পরীক্ষা হবে এইসব কেন্দ্রে : কলকাতা (কোড ১১), বারুইপুর (১২), ডায়মন্ডহারবার (১৩), ব্যারাকপুর (১৪), বারাসাত (১৫), হাওড়া (১৬), চুঁচুড়া (১৭), বর্ধমান (১৮), দুর্গাপুর (১৯), মেদিনীপুর (২০), তমলুক (২১), বাঁকুড়া (২২), পুরুলিয়া (২৩), ঝাড়গ্রাম (২৪), সিউড়ি (২৫), কৃষ্ণনগর (২৬), বহরমপুর (২৭), মালদা (২৮), বালুরঘাট (২৯), রায়গঞ্জ (৩০), জলপাইগুড়ি (৩১), আলিপুরদুয়ার (৩২), কোচবিহার (৩৩), শিলিগুড়ি (৩৪), কালিম্পং (৩৫), দার্জিলিং (৩৬)। দৃষ্টিহীন প্রতিবন্ধী ও অল্প দৃষ্টিশক্তিসম্পন্ন প্রার্থীরা স্ক্রাইবের সাহায্য নিতে পারেন। তবে এজন্য তাঁদের বেলায় 'দক্ষিণ কলকাতা'য় পরীক্ষা দিতে হবে।

প্রিলিমিনারি পরীক্ষায় থাকবে জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিকের ২০০ নম্বরের একটি পেপার। মোট দেড় ঘন্টার অবজেক্টিভ মাল্টিপল চয়েজ-টাইপের প্রশ্ন হবে। অ্যারিথমেটিক গ্রুপে মাধ্যমিক মানের ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন আর জেনারেল স্টাডিজ পেপারে জেনারেল নলেজের ১৫০ নম্বরের ৭৫টি প্রশ্ন থাকবে।

সফল হলে ৪৫০ নম্বরের ফাইনাল পরীক্ষা হবে। এই পরীক্ষায় থাকবে এই তিনটি পেপার : (১) ইংরিজি, (২) বাংলা বা, হিন্দি, (৩) জেনারেল স্টাডিজ অ্যান্ড অ্যারিথমেটিক। প্রথম ২টি পেপারের প্রতিটিতে থাকবে ১৫০ নম্বর। সময় থাকবে দেড় ঘন্টা করে। ইংরিজি বিষয়ে থাকবে : বাংলা থেকে ইংরিজিতে অনুবাদ, রিপোর্ট, প্রেসি (ভাবসংক্ষেপ) লেখা আর গ্রামারের মধ্যে থাকবে শব্দের সঠিক ব্যবহার, বাক্য সংশোধন, সাধারণ ফ্রেজের ব্যবহার, সমার্থক ও বিপরীতার্থক শব্দ। বাংলা বিষয়ে থাকবে : ইংরিজি থেকে বাংলায় অনুবাদ, রিপোর্ট, সারসংক্ষেপ লেখা আর গ্রামারের প্রশ্ন হবে। সব ক্ষেত্রে উচ্চমাধ্যমিক মানের ডেসক্রিপটিভ টাইপের প্রশ্ন হবে।

তৃতীয় পেপারে জেনারেল স্টাডিজের ১০০ নম্বরের ও অ্যারিথমেটিকের ৫০ নম্বরের পরীক্ষা হবে। সময় আড়াই ঘন্টা। জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিক গ্রুপের প্রশ্নের উত্তর বাংলায় দিতে পারবেন। পার্ট-টু পরীক্ষা হবে একই দিনে।

সফল হলে ১০[illegible] নম্বরের পার্সোন্যালিটি টেস্ট। পার্ট-টু পরীক্ষার ৩টি পেপার ও পার্সোন্যালিটি টেস্টের নম্বরের ভিত্তিতে চূড়ান্ত তালিকা তৈরি হবে। ন্যূনতম কোয়ালিফাইং নম্বর থাকতে হবে জেনারেল ও ই.ডব্লু.এস. প্রার্থীদের বেলায় ৪০%, ও.বি.সি. প্রার্থীদের বেলায় ৩৮%, তপশিলী জাতির প্রার্থীদের ৩৫%, তপশিলী উপজাতি, প্রতিবন্ধী, প্রাঃসঃকঃ প্রার্থীদের বেলায় ৩০%, মেধাবী খেলোয়াড় ৪০%।

তালিকার ওপর দিক থেকে এরপর শূন্যপদ অনুযায়ী ওপরের বিভিন্ন দফতরে বিভিন্ন পদে ক্রমানুসারে নিয়োগ হবে। উত্তরপত্রে নাম, রোল নম্বর বা, কোনো আইডেন্টিফিকেশন মার্ক ব্যবহার করলে ১০%আর খারাপ হাতের লেখার জন্য ১০%নম্বর, প্রাপ্তনম্বর থেকে বাদ যাবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৯ জুনের মধ্যে। এই ওয়েবসাইটে : www.pscwbapplication.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। ফটো ও সিগনেচার স্ক্যান করবেন ২০০ ডি.পি.আই.'তে।

প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে Submit করলে নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এবার পরীক্ষা ফী বাবদ ১৬০ (তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা অনলাইনে ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড ও নেট ব্যাঙ্কিংয়ে দিতে পারবেন ৯ জুনের মধ্যে।

# সরকারি চাকরির নিয়োগ পদ্ধতি

১ পাতার পর

নিয়োগ পদ্ধতি আরো সহজ করা হবে। গুরুত্ব দেওয়া হবে লিখিত পরীক্ষা ও অ্যাকাডেমিক যোগ্যতার ওপর। ইন্টারভিউয়ের নম্বর কমবে। এছাড়াও দুর্নীতি রুখতে পরীক্ষার্থীদের পরীক্ষা দেওয়ার পর ও.এম.আর. কার্বন কপি দেওয়া হবে। সেই সঙ্গে সংরক্ষণের সাংবিধানিক নির্দেশও মানা হবে।

কেন্দ্রীয় সরকারের নীতি অনুযায়ী, কিছু পদের ক্ষেত্রে ইন্টারভিউয়ের নম্বর উঠিয়ে দেওয়া হতে পারে। অর্থাৎ, গ্রুপ-ডি, ক্লার্ক ইত্যাদি পদে লিখিত পরীক্ষায় সফল হলেই চাকরি পাওয়া যাবে। এইসব পদে কোনো ইন্টারভিউই থাকবে না।

সংবিধান মেনেই নতুন নিয়োগ নীতি তৈরি হবে। রাজ্য সরকারের সব রিক্রুটমেন্ট বোর্ডের কর্মকর্তাদের নিয়ে ৬ জুন নতুন নিয়োগ নীতি নিয়ে বিস্তারিত আলোচনা হবে। উপস্থিত থাকবেন পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান, স্কুল সার্ভিস কমিশন ও প্রাথমিক শিক্ষা পর্ষদের সচিব পর্যায়ের কোনো প্রতিনিধি, মাদ্রাসা সার্ভিস কমিশন, কো-অপারেটিভ সার্ভিস কমিশন, ওয়েস্ট বেঙ্গল হেলথ রিক্রুটমেন্ট বোর্ড, পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড, মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন-সহ বিভিন্ন জেলার জেলা শাসক-সহ বিভিন্ন আধিকারিকরা।

রাজ্যের অর্থ দফতর থেকে এক নির্দেশিকায়, রাজ্য সরকারের বিভিন্ন দফতরের প্রধান সচিব, অতিরিক্ত প্রধান সচিব ও সচিবদের উদ্দেশ্যে পাঠানো বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, বহুদিন রাজ্যে নিয়োগ বন্ধ আছে। তাই সরকারি দফতরে দ্রুত শূন্যপদ পূরণ করে সরকারি কাজকর্মে ধারাবাহিকতা বজায় রাখা হবে। তাই ১ মে পর্যন্ত রাজ্যের কোন দফতরে কত শূন্যপদ খালি আছে, তার পূর্ণাঙ্গ হিসাব ৩ জুনের মধ্যে পাঠানোর নির্দেশ দেওয়া হয়েছে। অর্থ দফতরের কড়া নির্দেশ, খুব যত্নসহকারে রিপোর্ট পাঠাতে হবে ও আলাদা ৩টি শিটে মূল দফতর, ডিরেক্টরেট অফিস ও আঞ্চলিক অফিসগুলির শূন্যপদের বিবরণ উল্লেখ করার নির্দেশ দেওয়া হয়েছে।

নবান্ন সূত্রে খবর, রাজ্য সরকার যে যে দফতরে দ্রুত নিয়োগ করতে চায়, সেগুলি হল :

(১) রাজ্য স্বাস্থ্য দফতরে নার্স, টেকনিশিয়ান, ডাক্তার-সহ কয়েক হাজার স্বাস্থ্যকর্মী নিয়োগ।

(২) পঞ্চায়েত দফতরে প্রায় ৬,৫০০ শূন্যপদ পূরণ করা হবে।

(৩) পি.এস.সি.'র মাধ্যমে প্রায় ৭ হাজার ক্লার্ক নিয়োগ করা হবে।

(৪) কলকাতা পুলিশে কনস্টেবল পদে ১০,৪০১টি, ড্রাইভার পদে ৬৬৬টি, সাব-ইন্সপেক্টর পদে ৬৭৩টি শূন্যপদ দ্রুত পূরণ হবে।

(৫) রাজ্য পুলিশে কনস্টেবল ও সাব-ইন্সপেক্টর পদে প্রায় ২০ হাজার শূন্যপদ পূরণ হবে।

(৬) খাদ্য দফতরে ফুডের সাব-ইন্সপেক্টর পদে নিয়োগ।

(৭) মিসলেনিয়াস সার্ভিসেস ও ডব্লু.বি.সি.এস. পরীক্ষা এবার থেকে প্রতি বছরই হবে। খুব শিগগিরই ২০২৫ সালের ডব্লু.বি.সি.এস'এর বিজ্ঞপ্তি বেরোবে।

(৮) প্রতি বছরই প্রাইমারি 'টেট' ও আপার প্রাইমারি 'টেট' হবে।

(৯) কো-অপারেটিভ সার্ভিস কমিশনের মাধ্যমে রাজ্যের সমবায় ব্যাঙ্কগুলিতে কয়েকশো শূন্যপদ পূরণ হবে শিগগিরই।

(১০) পি.এস.সি.'র মাধ্যমে ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অফিসার, মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর (টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল), স্টেনোগ্রাফার, শিক্ষক-শিক্ষিকা, ফায়ার অপারেটর, জুনিয়র ইঞ্জিনিয়ার, সাব-ইন্সপেক্টর অফ স্কুল ইত্যাদি পদে নিয়োগ হবে।

## ডিজিটাল মার্কেটিংয়ে ৬২,৩৩৮ চাকরি

১ পাতার পর

এখানেই শেষ নয়। লেবার ওয়েলফেয়ার মিনিস্ট্রির গত ৩ মাসের ডেটাবেস অ্যানালিসিস করে দেখা গেছে দেশের প্রথম সারির ২৫০টির ওপর আইটি ও সফটওয়্যার রিলেটেড কোম্পানিতে যে নিয়োগ হয়েছে তার প্রায় দ্বিগুণ নিয়োগ হবে সামনের ৬ থেকে ৯ মাসে। একথা নিশ্চিতভাবে বলা যায় যে এপ্রিল থেকে সেপ্টেম্বরের মধ্যে কমবেশি রাজ্যের প্রায় ১৫০টির ওপর আইটি কোম্পানিতে ৬২,৩৩৮ জন 'ডিজিটাল প্রফেশনালস' এর নিয়োগ হবে। যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ করলে আবেদন করতে পারেন। গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। কীভাবে এই নিয়োগ হবে। এ ব্যাপারে আমরা যোগাযোগ করেছিলাম দেশ তথা রাজ্যের অন্যতম সেরা স্কিলড প্রফেশনাল এডুকেশন ইনস্টিটিউশন NIHT-র ডিজিটাল প্রোগ্রামের হেড অফ দ্যা ডিপার্টমেন্ট অংশুমান শেঠ-এর কাছে। অংশুমানের মতে, "একথা একদম সত্যি যে আজকের দিনে দাঁড়িয়ে স্কিলড প্রফেশনালস ছাড়া কোনো চাকরি নেই। অর্থাৎ এখন ডিগ্রি নয়। স্কিলের দরকার। তাই রিক্রুটারদের কাছে স্কিলড কর্মী সবচেয়ে বেশি গুরুত্ব পায়। যদি আপনার ভেতরে ঠিকঠাক স্কিল থাকে, তাহলে বড় বড় কোম্পানি আপনাকে ঘরে এসে চাকরি দিয়ে যাবে। আর যদি তা না থাকে, তাহলে আপনি যতই ট্যালেন্টেড হোন না কেন, কোথাও আপনি চাকরি পাবেন না। একটা জিনিস প্রথমেই পরিষ্কার বলা ভালো। ইন্টারভিউ বোর্ডে একমাত্র বন্ধু হতে পারে আপনার ভেতরের স্কিলড অ্যাটিচিউড— যা অন্য অনেকের থেকে চাকরি পেতে আপনাকে অনেকটাই এগিয়ে রাখবে। কেউ আপনাকে কোনো সুযোগ দেবে না। আপনাকে নিজেকেই সুযোগ তৈরি করে নিতে হবে। এখন আপনি ভাবতেই পারেন— কোম্পানিগুলির কাছে কেন স্কিলড প্রফেশনালস এর এত চাহিদা? কারণ কোনো কোম্পানি এখন আর ট্রেনিং দেওয়ার জন্য আলাদাভাবে খরচ করতে চায় না। তারা চায় তাদের চাহিদা মতো স্কিলড প্রফেশনালস — যে একসাথে একাধিক ডিপার্টমেন্ট সামলাতে পারবে। সোজা বাংলায়, কোম্পানি যে ক্যান্ডিডেট-এর মধ্যে এই গুন দেখতে পাবে, তাকেই সিলেক্ট করবে। অর্থাৎ, বেসিক কোয়ালিফিকেশন নয়, চাকরি পেতে গেলে এখন লাগবে কাস্টমাইজড স্কিলড কোয়ালিফিকেশন।" ঠিক কোথা থেকে এই ধরনের ট্রেনিং পাব? উত্তরে এইচওডি জানালেন, 'আমাদের রাজ্যে ডিজিটাল স্কিলস ডেভেলপমেন্ট ট্রেনিং প্রোভাইডর অনেকেই আছে। কিন্তু খুব কম সংখ্যক ইনস্টিটিউশন, এমপ্লয়ারের চাহিদা অনুযায়ী কাস্টমাইজড ট্রেনিং দেয়। আর ঠিক এইখানেই NIHT-র গুরুত্ব। এখানে শুধুমাত্র কোর্স করানো হয় না — কেরিয়ার তৈরি করা হয়।' এখানে ট্রেনিং নিতে হলে বেসিক কোয়ালিফিকেশন কী থাকা দরকার? যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ ছেলেমেয়েরা এখানকার ডিজিটাল জব ওরিয়েন্টেড ট্রেনিং নিতে পারবে। ২৭০টির বেশি কোম্পানি ডিজিটাল গ্রোথ বাড়াতে এই কোম্পানিকে নিয়োগ করে। ফলে স্বভাবতই এখানকার ছেলেমেয়েরা ওইসব কোম্পানিতে ভালো পে-প্যাকেজে প্লেসড হয়।

**পূর্ব ভারতের অন্যতম সেরা প্রতিষ্ঠান যেখানে ৬ মাসের ট্রেনিংয়ে বছরে ৩,৬০,০০০ টাকা মাইনের গ্যারান্টিড চাকরি হচ্ছে। এখনো পর্যন্ত এখান থেকে চাকরি পেয়েছে ৬০,০০০ জনেরও বেশি**

### এখানকার ট্রেনিং অন্যদের থেকে আলাদা কোথায়?

উত্তরে কোম্পানির চিফ অপারেটিং অফিসার প্রসিত পাল জানালেন, "(১) এখানে শুধুমাত্র ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড ট্রেনিং দেওয়া-ই হয় না, এমপ্লয়ারের চাহিদা মতো প্রার্থীকে 'ট্রেন্ড প্রফেশনালস' হিসাবে তৈরি করে দেওয়া হয়। যাতে যেকোনো বড় কোম্পানিতে ভালো পে-প্যাকেজে সে তার কেরিয়ার শুরু করতে পারে। (২) এখানে রয়েছে ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড স্পেশাল ট্রেনিং মডিউল তথা Master Program in Digital Marketing — যা এখন দেশের মধ্যে অন্যতম ইউনিক ও ফিউচার-রেডি প্রোগ্রাম। এখানে Website Ranking, Organic Growth Strategy র পাশাপাশি শেখানো হয় Google Ads, Meta Ads আর YouTube Ads — যাতে এখানকার ট্রেনিরা খুব সহজেই বিভিন্ন প্ল্যাটফর্মের উপযোগী কন্টেন্ট বানাতে পারেন। (৩) এই স্পেশাল ট্রেনিং মডিউল (Master Program in Digital Marketing) অন্যদের থেকে অনেকটাই আলাদা। এখানে 'মাল্টিপারপাস স্কিলড প্রফেশনালস' হিসাবে ট্রেনিদের তৈরি করা হয়। অর্থাৎ, একমাত্র আমাদের এখানেই ট্রেনিরা একসাথে ৩টি বিষয়-ট্রেনিং নিতে পারে — (A) Digital Marketing, (B) Content Creation (Graphics+Video Editing) ও (C) GenAI / Automation Expert. আর কোথাও এই সুবিধা নেই। ফলে স্বভাবতই এখান থেকে যাঁরা ট্রেনিং নেন, তাঁরা ন্যূনতম ৩ গুণ বেশি ভালো প্রোডাক্টিভিটি দেয়— যা যেকোনো ভালো MNC কোম্পানিতে, শুরুতেই ভালো পে-প্যাকেজ নিয়ে, তাঁদের কেরিয়ার শুরু করতে সাহায্য করে। (৪) এই প্রতিষ্ঠানের অন্যতম একটি গুরুত্বপূর্ণ দিক হল — এটি শুধুমাত্র Google ও Meta'র পার্টনার প্রতিষ্ঠানই নয় — এখানে ছেলেমেয়েদের শেখানো হয় সম্পূর্ণ প্র্যাকটিক্যাল-বেসড ডিজিটাল মার্কেটিং —ঠিক যেভাবে একটি লাইভ ডিজিটাল মার্কেটিং এজেন্সি বাস্তবে কাজ করে। (৫) এখানকার ডিজিটাল প্রোগ্রামের সবচেয়ে বড় শক্তি হল Generative AI ও Agentic AI। এখানে ট্রেনিরা বিভিন্ন AI Tools ব্যবহার করে কনটেন্ট আইডিয়া জেনারেশন, কপি রাইটিং, অটোমেশন ও ডাটা অ্যানালাইসিস শেখে — যা বড় বড় MNC কোম্পানিতে ইন্টারভিউ ক্র্যাক করার সময় বিশেষভাবে কাজে লাগে। (৬) এটি একমাত্র প্রতিষ্ঠান যেখানে AI Integrated Digital Marketing শেখানো হয়। এছাড়াও, এখানকার ট্রেনিদের হাই-কোয়ালিটি ভিডিও কনটেন্ট মেকিং ও প্রফেশনাল মানের Instagram Reels ও YouTube Shorts বানানোর টেকনিক এমনভাবে শেখানো হয় — যা চাকরির বাজারে তাদের গুরুত্ব অনেকটাই বাড়িয়ে দেয়। (৭) রাজ্যের মধ্যে একমাত্র এখানেই ট্রেনিদের দেওয়া হয় Live Website Hosting Environment, যেখানে তারা নিজেরাই ওয়েবসাইট তৈরি করে, হাতে-কলমে কাজ করে আর বাস্তবভাবে Website Ranking Strategy, Google Tag Manager সেট-আপ, Facebook Pixel ও Conversion Tracking-এর মতো লাইভ ইন্ডাস্ট্রিয়াল টুল ব্যবহার করা শেখে — যা চাকরির বাজারে এখানকার ট্রেনিদের খুব ভালো মাইলেজ দেয়। (৮) একমাত্র এখানেই AI Agent কীভাবে তৈরি করা হয় তা শেখানো হয়— যা যেকোনো কোম্পানির কাছেই খুবই আকর্ষণীয়। কারণ আজকের দিনে দাঁড়িয়ে— 'AI Agent ক্রিয়েশন'— চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের গুরুত্ব কয়েকশো গুন বাড়িয়ে দেবে। ফলে তারা খুব সহজেই নিজের মনের মতো পে প্যাকেজ পেতে পারে। (৯) এছাড়াও এখানে রয়েছে একটি State-of-the-Art Studio, যেখানে ট্রেনিরা প্র্যাকটিক্যালভাবে কনটেন্ট তৈরি করতে পারে, 'লাইভ পডকাস্ট শুট' করতে পারে ও 'রিয়েল ইন্ডাস্ট্রি শুটে' অংশ নিয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জন করে। ফলে এখানকার ছেলেমেয়েরা ডিজিটাল মার্কেটিংয়ের পাশাপাশি কনটেন্ট প্রোডাকশন ও ব্র্যান্ড কমিউনিকেশনের বাস্তব ধারণা পায় - যা অন্য কোথাও হয় না। (১০) এখানে ট্রেনিং-এর সময় এখানকার ছেলেমেয়েরা নিজের Digital Properties-যেমন ওয়েবসাইট, ক্যাম্পেইন, কনটেন্ট ও অটোমেশন সিস্টেম তৈরি করতে পারে — যা সে ইন্টারভিউয়ের সময় 'লাইভ প্রজেক্ট' হিসেবে দেখাতে পারে — যা রাজ্যের অন্য কোনো প্রতিষ্ঠানে নেই।

### এখানকার ট্রেনিং নিলে ঠিক কী ধরনের মাইনে শুরুতেই পাওয়া যাবে?

মার্কেটিং, অ্যাডভার্টাইজিং, ফ্র্যাঞ্চাইজিং ও ডিজিটাল মার্কেটিং ডোমেন-এর ২৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন এই প্রতিষ্ঠানের এইচওডি অংশুমান শেঠ বললেন, "দেখুন আমাদের এখানে ইন্ডাস্ট্রি সেরা সেরা অভিজ্ঞ ট্রেনারদের দিয়ে বাস্তবসম্মতভাবে ছেলেমেয়েদের এমনভাবে তৈরি করে দেওয়া হয় — যাতে তারা দেশের যেকোনো বড় প্রতিষ্ঠানে যেকোনো সময় ইন্টারভিউ ক্র্যাক করতে পারবেই। এখানকার ছেলেমেয়েদের একটি বিশেষ গুণ ডেভেলপ করানো হয়। তাই খুব সহজেই মধ্যমানের মেধা নিয়ে একজন উচ্চমাধ্যমিক পাশ ছেলে-মেয়ে শুধুমাত্র এখানে ট্রেনিং নিয়ে, বছরে ৩,৬০,০০০ টাকা আকর্ষনীয় পে-প্যাকেজ পায়।" সাধারণ মানের উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা শুধুমাত্র এখানকার ট্রেনিং নিয়ে কিভাবে মাসে ৩০,০০০ টাকা স্যালারি পেতে পারে তা জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে : 9830501515 / 9903622993 অথবা সরাসরি চলে আসুন এই ঠিকানায় : NIHT, Bhowanipore Campus, 1st Floor, 16C, Ashutosh Mukherjee Road, Near Home Land Mall, Kolkata - 700 020 বা NIHT, Ultadanga Campus, 3rd Floor, 161/1, CIT Road, CIT Scheme VII M, Scheme 7, Kolkata - 700 054.

## ৩ বাহিনীতে ৪৫১

১ পাতার পর

এইসব বিভাগে : ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি, ন্যাভাল অ্যাকাডেমি ও এয়ারফোর্স অ্যাকাডেমিতে। কারা কোন বিভাগের জন্য যোগ্য :

**ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি :** যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেরা লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি হলে আবেদন করতে পারেন। জন্ম-তারিখ হতে হবে ১-৭-২০০৩ থেকে ১-৭-২০০৮'এর মধ্যে। মোট ১৮ মাসের ট্রেনিং হবে 'জেন্টলম্যান ক্যাডেট'এ। ট্রেনিংয়ের সময় প্রার্থীকে দিতে হবে মোট ৩,৭৫০ টাকা। কোনো প্রার্থী দিতে অক্ষম হলে, তখন সরকারই ওই খরচ বহন করবে। ট্রেনিংয়ে সফল হলে লেফটেন্যান্ট পদে চাকরি। এরপর ধাপে-ধাপে 'কম্যান্ডার' পদ পর্যন্ত পদোন্নতি হবে। ১৬৩তম কোর্সে ট্রেনিং শুরু ২০২৭ সালের জুলাইয়ে। শূন্যপদ : ১০০টি। এর মধ্যে ১৩টি শূন্যপদ এন.সি.সি.'র 'সি' সার্টিফিকেট পাশদের জন্য সংরক্ষিত।

**অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি (মেন ও এস.এস.সি. উইমেন নন-টেকনিক্যাল) :** যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ ছেলেরা 'অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি (ফর মেন)'এ আবেদন করতে পারেন। যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ অবিবাহিতা তরুণীরা 'অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি (এস.এস.সি. উইমেন নন-টেকনিক্যাল)'এ আবেদন করতে পারেন। জন্ম-তারিখ হতে হবে ১-৭-২০০২ থেকে ১-৭-২০০৮'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি। ট্রেনিং হবে মাদ্রাজের অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে। মোট ৪৯ সপ্তাহের ট্রেনিং হবে 'জেন্টেলম্যান ক্যাডেট'এ। প্রার্থীকে এজন্য দিতে হবে মোট ৪,৬০০ টাকা। এর মধ্যে ২,৪৫০ টাকা পরে ফেরৎ পাবেন। প্রার্থীর অভিভাবকের মাসিক আয় ১,৫০০ টাকার কম হলে সরকার পুরো বা, আংশিক খরচ দেবে। সফল হলে লেফটেন্যান্ট পদে ৬ মাস প্রবেশনে থাকতে হবে। ৫ বছরের জন্য শর্ট সার্ভিস কমিশনে চাকরি করতে হবে। এরপর পার্মানেন্ট কমিশনে চাকরির সুযোগ পেলে ধাপে-ধাপে পদোন্নতি হবে। মূল মাইনে ওপরের মতোই। শূন্যপদ : অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে(মেন) ২৭৫টি। ১২৬তম কোর্সে ট্রেনিং শুরু ২০২৭ সালের অক্টোবরে। এস.এস.সি. উইমেন কোর্সে শূন্যপদ : ১৮টি। ১২৬তম এস.এস.সি. উইমেন কোর্সে ট্রেনিং শুরু ২০২৭ সালের অক্টোবরে।

**ন্যাভাল অ্যাকাডেমি :** ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরা আবেদন করার যোগ্য। ফিজিক্সের বি.এসসি. কোর্স পাশরাও যোগ্য। বয়স হতে হবে ১-৭-২০০৩ থেকে ১-৭-২০০৮'এর মধ্যে। শুরুতে ৫ মাসের ট্রেনিং হবে গোয়ার ন্যাভাল অ্যাকাডেমিতে, এক্সিকিউটিভ শাখার ক্যাডেট হিসাবে। ট্রেনিং নেওয়ার জন্য প্রার্থীকে দিতে হবে মোট ৩,৫০০ টাকা। প্রার্থীর অভিভাবকের মাসিক আয় ১,৫০০ টাকার কম হলে সরকার থেকে পুরো বা, আংশিক খরচ দেওয়া হবে। এরপর 'ক্যাডেট' হিসাবে আবার আড়াই বছরের ট্রেনিং। সফল হলে নৌবাহিনীর জাহাজে ৬ মাস চাকরি। সফল হলে সাব-লেফটেন্যান্ট পদে চাকরি। মাইনে ওপরের মতোই। ট্রেনিং শুরু ২০২৭ সালের জুলাইয়ে। শূন্যপদ : ২৬টি।

**এয়ারফোর্স অ্যাকাডেমি :** উচ্চমাধ্যমিকে ফিজিক্স ও অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে পাশের পর যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেরা ১-৭-২০০৩ থেকে ১-৭-২০০৭'এর মধ্যে জন্ম-তারিখ থাকলে 'এয়ারফোর্স অ্যাকাডেমি'তে ট্রেনিং নেওয়ার জন্য আবেদন করতে পারেন। ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরাও আবেদনের যোগ্য। কমার্শিয়াল পাইলট লাইসেন্স থাকলে জন্মতারিখ হতে হবে ১-৭-২০০১ থেকে ১-৭-২০০৭'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬২.৫ সেমি, পায়ের মাপ লম্বায় অন্তত ৯৯-১২০ সেমি, থাই লম্বায় ৬৪-৮১.৫ সেমি ও বসার উচ্চতা ৮১.৫ সেমি থেকে ৯৬ সেমি। শুরুতে ফ্লাইং ব্রাঞ্চের পাইলট হিসাবে ৭৪ সপ্তাহের ট্রেনিং হবে এয়ারফোর্স অ্যাকাডেমিতে। প্রার্থীকে এজন্য দিতে হবে মোট ২,৩৪০ টাকা। এর মধ্যে ৮৪০ টাকা পরে ফেরৎ পাবেন। প্রার্থীর অভিভাবকের মাসিক আয় ৭৫০ টাকার কম হলে এই খরচ সরকার থেকে দেওয়া হবে। ক্যাডেট হিসাবে ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন মাসে ২১,০০০ টাকা। এছাড়া ফ্লাইং-ভাতা পাবেন। ২২২ এফ (পি) কোর্সে ট্রেনিং শুরু ২০২৭ সালের জুলাইয়ে। শূন্যপদ : ৩২টি।

এই ৫ বিভাগের ট্রেনিং নিতে হলে দৃষ্টিশক্তি হতে হবে দূরের বেলায় ৬/৬ ও কাছের বেলায় প্রতি চোখে 'N-S'. ওপরের সব পদের বেলায় এবছরের ডিগ্রি কোর্সের ফাইনাল পরীক্ষার্থীরাও আবেদন করার যোগ্য। ট্রেনিংয়ের সময় মাসে স্টাইপেন্ড পাবেন। সফল হলে মূল মাইনে ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা।

প্রার্থী বাছাই হবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের 'কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এক্সামিনেশন (।।)-২০২৬' পরীক্ষার মাধ্যমে। প্রথমে হবে লিখিত পরীক্ষা ১৩ সেপ্টেম্বর। পূর্ব-ভারতে এইসব কেন্দ্রে : কলকাতা, শিলিগুড়ি, কটক, দিসপুর (গুয়াহাটি), পটনা, শিলঙ, রাঁচি, সম্বলপুর, পোর্ট ব্লেয়ার, গ্যাংটক ও আগরতলা।

ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, ন্যাভাল অ্যাকাডেমি ও এয়ারফোর্স অ্যাকাডেমির লিখিত পরীক্ষায় থাকবে এই তিনটি পেপার : (১) ইংরিজি, (২) জেনারেল নলেজ, (৩) এলিমেন্টারি ম্যাথমেটিক্স। প্রতিটি পেপারে থাকবে ১০০ নম্বর ও সময় ২ ঘন্টা করে। অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে ট্রেনিং নিতে হলে লিখিত পরীক্ষায় থাকবে এই দু'টি পেপার : (১) ইংরিজি, (২) জেনারেল নলেজ। প্রতিটি পেপারে ১০০ নম্বর ও সময় ২ ঘন্টা করে। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্তনম্বর থেকে ১ নম্বর কাটা যাবে।

সফল হলে ৩০০ নম্বরের ইন্টারভিউ (অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমির বেলায় ২০০ নম্বর)। সব পেপারেই প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। ইংরিজিতে থাকবে ইংরিজি গ্রামারের প্রশ্ন। এলিমেন্টারি ম্যাথমেটিক্সে পাটিগণিত, বীজগণিত, জ্যামিতি, পরিমিতি ও রাশিবিজ্ঞান বিষয়ে উচ্চমাধ্যমিক মানের প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। প্রতি প্রশ্নের ভুল উত্তরের জন্য ০.৩৩ নম্বর কাটা হবে। ই-অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নেবেন। এই পদের বিজ্ঞপ্তিনং : 11/2026-CDS-II, Dated: 20/05/2026.

দরখাস্ত করবেন অনলাইনে, ৯ জুনের মধ্যে। এই ওয়েবসাইটে : https://www.upsconline.nic.in এজন্য প্রথমে ওয়ান টাইম রেজিস্ট্রেশন করতে হবে। এরপর 'লাইভ ফটো ক্যাপচার' করতে হবে। তখন সঠিকভাবে ফটো লাইভ করার পর আপলোড করতে হবে। তারপর স্ক্যান করা সিগনেচার আপলোড করতে হবে। সবশেষে পরীক্ষা ফী বাবদ ২০০ (মহিলা ও তপশিলীদের ফী লাগবে না) টাকা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে বা, ভিসা /মাস্টার কার্ড / ক্রেডিট কার্ড / ডেবিট কার্ডের মাধ্যমে দিতে পারবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন। আরো বিস্তারিত তথ্য ওই ওয়েবসাইটের মূল বিজ্ঞপ্তিতে পাবেন।

## রেলে ১,০৭৯

১ পাতার পর

ড্রাইভার কাম মেকানিক (লাইট মোটর ভেহিক্যাল), মেশিনিস্ট, ডিজিটাল ফটোগ্রাফার, টার্নার, ডেন্টাল ল্যাব টেকনিশিয়ান, হসপিটাল ওয়েস্ট ম্যানেজমেন্ট টেকনিশিয়ান, হেল্‌থ স্যানিটারি ইন্সপেক্টর, গ্যাস কাটার, স্টেনোগ্রাফার (হিন্দি), কেবল জয়েন্টার, ম্যাসন, সেক্রেটারিয়েল প্র্যাক্টিস। কারা কোন ট্রেডের জন্য যোগ্য।

কোনো স্বীকৃত পর্ষদ বা, বিশ্ববিদ্যালয় থেকে মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশ ছেলেরা এন.সি.ভি.টি.'র অনুমোদিত আই.টি.আই. থেকে সংশ্লিষ্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য আবেদন করতে পারেন। ওপরের ওইসব ট্রেডে আই.টি.আই. কোর্স পাশ না হলে আবেদন করবেন না। বয়স হতে হবে ১৯-৫-২০২৬'এর হিসাবে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, আর প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। সব ট্রেডই ১ বছরের। কোন ডিভিশনে ক'টি শূন্যপদ : নাগপুর ডিভিশনে শূন্যপদ ৯৭৭টি। এর মধ্যে ফিটার ৯০টি (জেনাঃ ৩৬, তঃজাঃ ১৪, তঃউঃজাঃ ৭, ও.বি.সি: ২৪, ই.ডব্লু.এস. ৯)। কার্পেন্টার ৪১টি (জেনাঃ ১৭, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১১, ই.ডব্লু.এস. ৪)। ওয়েল্ডার ২২টি (জেনাঃ ৯, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ২)। সি.ও.পি.এ. ১৫৮টি (জেনাঃ ৬৩, তঃজাঃ ২৪, তঃউঃজাঃ ১২, ও.বি.সি. ৪৩, ই.ডব্লু.এস. ১৬)। ইলেক্ট্রিশিয়ান ২৬৭টি (জেনাঃ ১০৭, তঃজাঃ ৪০, তঃউঃজাঃ ২০, ও.বি.সি. ৭৩, ই.ডব্লু.এস. ২৭)। স্টেনোগ্রাফার (ইংলিশ) / সেক্রেটারিয়েল অ্যাসিস্ট্যান্ট ২৫টি (জেনাঃ ১০, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৭, ই.ডব্লু.এস. ২)। প্লাম্বার ৩৩টি (জেনাঃ ১৪, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৯, ই.ডব্লু.এস. ৩)। পেইন্টার ৪৪টি (জেনাঃ ১৮, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১২, ই.ডব্লু.এস. ৪)। ওয়্যারম্যান ৪৬টি (জেনাঃ ১৯, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১২, ই.ডব্লু.এস. ৫)। ইলেক্ট্রনিক্স মেকানিক ২১টি (জেনাঃ ৮, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ২)। মেকানিক মেশিন টুল মেন্টেন্যান্স ২৩টি (জেনাঃ ৯, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ২)। ডিজেল মেকানিক ১২৪টি (জেনাঃ ৫০, তঃজাঃ ১৯, তঃউঃজাঃ ৯, ও.বি.সি. ৩৪, ই.ডব্লু.এস. ১২)। ড্রাইভার কাম মেকানিক (লাইট মোটর ভেহিক্যাল) ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। মেশিনিস্ট ১৭টি (জেনাঃ ৭, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ২)। ডিজিটাল ফটোগ্রাফার ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। টার্নার ৫টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। ডেন্টাল ল্যাবরেটরি টেকনিশিয়ান ১টি (জেনাঃ)। হসপিটাল ওয়েস্ট ম্যানেজমেন্ট টেকনিশিয়ান ৩টি (জেনাঃ ১, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। হেল্‌থ স্যানিটারি ইন্সপেক্টর ৫টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। স্টেনোগ্রাফার (হিন্দি) ১১টি (জেনাঃ ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। কেবল জয়েন্টার ২১টি (জেনাঃ ৮, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ২)।

মোতিবাগ ওয়ার্কশপে শূন্যপদ ১০২টি। এর মধ্যে ফিটার ৪৪টি (জেনাঃ ১৮, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১২, ই.ডব্লু.এস. ৪)। ওয়েল্ডার ৬টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। টার্নার ৪টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। ইলেক্ট্রিশিয়ান ১৮টি (জেনাঃ ৭, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ২)। সি.ও.পি.এ. ১৩টি (জেনাঃ ৫, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ১)। স্টেনো (ইংলিশ) সেক্রেটারিয়েল প্র্যাক্টিস ৩টি (জেনাঃ ১, তঃজাঃ ১, ও.বি.সি ১)। পেইন্টার ৪টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। কার্পেন্টার ১০টি (জেনাঃ ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। এই পদের বিজ্ঞপ্তিনং : P/NGP/SAS / 2024/16, Dated 18.05.2026.

১৯৬১ সালের অ্যাপ্রেন্টিস আইন ও ১৯৬২ সালের অ্যাপ্রেন্টিস নিয়মানুযায়ী ১ বছরের ট্রেনিং। তখন স্টাইপেন্ড পাবেন। হস্টেল নেই। ট্রেনিং শেষে চাকরি পাওয়ার সম্ভাবনা থাকলেও কোনো বাধ্যবাধকতা নেই।

মাধ্যমিকে পাওয়া নম্বর দেখে ও আই.টি.আই. কোর্স পাশের সার্টিফিকেট ও অন্যান্য প্রমাণপত্র দেখে প্রাথমিকভাবে বাছাই প্রার্থীদের শারীরিক সক্ষমতার পরীক্ষার জন্য ডাকা হবে। কোনো লিখিত পরীক্ষা বা, ইন্টারভিউ হবে না। উচ্চ শিক্ষাগত যোগ্যতা থাকলে বাড়তি কোনো সুযোগ পাবেন না। মোট শূন্যপদের ১.২৫ গুণ প্রার্থীকে ডাকা হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৮ জুন পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://apprenticeshipindia.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এজন্য পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। দরখাস্ত করার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। ফর্ম পূরণ করে পাঠাতে ও প্রিন্ট করতে কোনো অসুবিধা হলে সরাসরি মেল করুন এই নম্বরে : mohd.2305@gov.in

# পঞ্জাব ও সিন্ধ ব্যাঙ্কে ৬৩৫ অ্যাপ্রেন্টিস

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : পঞ্জাব ও সিন্ধ ব্যাঙ্ক অ্যাপ্রেন্টিস হিসাবে ৬৩৫ জন ছেলেমেয়ে নিচ্ছে। যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-৫-২০২৬'এর হিসাবে ২০ থেকে ২৮ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। ১ বছরের ট্রেনিং। তখন স্টাইপেন্ড মাসে ১২,৩০০ টাকা। কোন রাজ্যে ক'টি সীট আছে: শূন্যপদ : পশ্চিমবঙ্গ ২০টি (জেনাঃ ৯, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ২)। ত্রিপুরা ৫টি (জেনাঃ ৪, ও.বি.সি. ১)। অসম ৫টি (জেনাঃ ৪, ও.বি.সি. ১)। বিহার ৪০টি। ওড়িশা ১৫টি। সিকিম ১০টি।

প্রার্থী বাছাই হবে অনলাইন টেস্টের মাধ্যমে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৬ জুনের মধ্যে। এই ওয়েবসাইটে : https:punjabandsind.bank.in, www.nats. education.gov.in তখন পরীক্ষা ফী বাবদ ২০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ১০০) টাকা অনলাইনে দিতে হবে। আরো বিস্তারিত তথ্য ওপরের ওয়েবসাইটে পাবেন।

## ৮৯৯ অপারেটর

১ পাতার পর

(কমিউনিকেশন)', 'ইলেক্ট্রিশিয়ান', 'অপারেটর এক্সাভেটিং মেশিনারি' পদে ৮৯৯ জন ছেলে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**কোড নং 01: ড্রাফটসম্যান :** বিজ্ঞান বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে আর্কিটেকচার বা, ড্রাফটসম্যানশিপের ২বছরের সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। ড্রাফটসম্যান (সিভিল) ট্রেডে ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট কোর্স পাশরা ১ বছরের অভিজ্ঞতা থাকলেও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০-৯২৩০০ টাকা। শূন্যপদ : ৪২টি (জেনাঃ ২৪, তঃজাঃ ৫, ও.বি.সি. ১০, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ১)।

**পোস্ট কোড 03: স্টোরকীপার টেকনিক্যাল।** উচ্চমাধ্যমিক পাশরা ভেহিক্যাল বা, ইঞ্জিন সংক্রান্ত যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণের কাজে জ্ঞান থাকলে যোগ্য। স্টোর্সের কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ : ৩০০টি (জেনাঃ ১৫১, ও.বি.সি. ৭৭, তঃজাঃ ৪৩, তঃউঃজাঃ ২২, ই.ডব্লু.এস. ৭)।

**কোড নং 04: অপারেটর (কমিউনিকেশন)।** মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ওয়্যারলেস অপারেটর বা, রেডিও মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ : ২৬১টি (জেনাঃ ১১৪, তঃজাঃ ৪১, তঃউঃজাঃ ১৮, ও.বি.সি. ৮৩, ই.ডব্লু.এস. ৫)।

***কোড নং 05: অপারেটর এক্সকাভেটিং মেশিনারি (অর্ডিনারি গ্রেড) :*** মাধ্যমিক পাশরা ভারী গাড়ি চালানোর বৈধ লাইসেন্স বা, ডোজার /এক্সকাভেটর চালানোর বৈধ লাইসেন্স থাকলে আবেদন করতে পারেন। ৬ মাস কাজের অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স ও মাইনে ওপরের মতো। শূন্যপদ : ২০৭টি (জেনাঃ ১৩৫, তঃজাঃ ২০, ও.বি.সি. ৩৫, তঃউঃজাঃ ১৫, ই.ডব্লু.এস. ২)।

**কোড নং 06: ইলেক্ট্রিশিয়ান।** মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে অটো ইলেক্ট্রিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ : ৭৯টি (জেনাঃ ৩৮, তঃজাঃ ১০, ও.বি.সি. ১৯, তঃউঃজাঃ ৯, ই.ডব্লু.এস. ৩)।

**বয়স :** ওপরের সব পদের বেলায় বয়স গুণতে হবে ১-৬-২০২৬'এর হিসাবে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে জেনারেলদের বেলায় ১-৬-১৯৯৯ থেকে ১-৬-২০০৮'এর মধ্যে, ও.বি.সি.'দের বেলায় ১-৬-১৯৯৬ থেকে ১-৬-২০০৮'এর মধ্যে আর তপশিলীদের বেলায় ১-৬-১৯৯৪ থেকে ১-৬-২০০৮'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. প্রার্থীরা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর আর বিভাগীয় কর্মী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৫ সেমি, ফুলিয়ে ৮০ সেমি আর অন্তত ৫০ কেজি ওজন। সিকিম, ত্রিপুরা-সহ উত্তর পূর্বাঞ্চল ও দার্জিলিং জেলার পার্বত্য এলাকার বাসিন্দারা লম্বায় ৫ সেমি ও ওজনে ২.৫ কেজি ছাড় পাবেন। দৃষ্টিশক্তি হতে হবে ভালো চোখে ৬/১২ ও খারাপ চোখে ৬/৩৬ আর কাছের বেলায় ভালো চোখে ০.৬ বা, J2 ও খারাপ চোখে 1 বা, J6. ড্রাইভার পদের বেলায় চশমা ছাড়া দু'চোখে ৬/১২, ভালো চোখে ৬/৬ কিংবা খারাপ চোখে ৬/৩৬। কাছের বেলায় চশমা ছাড়া ভালো চোখে ০.৬ বা, J2 ও খারাপ চোখে 1 বা, J6. মহিলারা কোনো পদেই আবেদনের যোগ্য নন। এই পদের বিজ্ঞপ্তি নং : ০১/২০২৬।

**প্রার্থী বাছাই পদ্ধতি :** প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে লিখিত পরীক্ষা, শারীরিক সক্ষমতার পরীক্ষা, প্র্যাক্টিক্যাল টেস্ট ও ডাক্তারি পরীক্ষা হবে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ও ডেসক্রিপ্টিভ টাইপের প্রশ্ন হবে টেকনিক্যাল ও সংশ্লিষ্ট শাখার ওপর। লিখিত পরীক্ষায় ৫০% (তপশিলী হলে ৪০%) নম্বর পেলে সফল হবেন। মোট শূন্যপদের ১০ গুণ প্রার্থীকে এরপর শারীরিক সক্ষমতার পরীক্ষার জন্য ডাকা হবে। এই পরীক্ষায় ১০ মিনিটে ১ মাইল (১.৬ কি.মি) দৌড়তে হবে। এরপর প্র্যাক্টিক্যাল টেস্ট ও ডাক্তারি পরীক্ষা।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : www.bro.gov.in পূরণ-করা দরখাস্তের সঙ্গে দেবেন : (ক) এখনকার তোলা ৩ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো (১ কপি দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে, ১ কপি অ্যাডমিট কার্ডে সেঁটে ও আরেক কপি দরখাস্তের সঙ্গে গেঁথে), (খ) বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট ইত্যাদি প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত নকল, (গ) বাসিন্দা সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (ঘ) পরীক্ষা ফী বাবদ ৫০ টাকার ই-রিসিপ্ট (দরখাস্ত করার আগে টাকা অনলাইনে জমা দেবেন এই লিঙ্কে https://www.onlinesbi.sbi/sbicollect/icollecthome.htm?corpID=1232156 ও ই-রিসিপ্ট প্রিন্ট করে নেবেন) (তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না)। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'APPLICATION FOR THE POST OF .....CATEGORY UR / SC/ ST/ OBC /EWS/ PwBD/ESM/CPL. WEIGHTAGE PERCENTAGE IN ESSENTIAL QUALIFICATION.....'. দরখাস্ত পাঠাবেন রেজিস্ট্রি ডাকে। দরখাস্ত পৌঁছনো চাই ২ জুলাইয়ের মধ্যে। এই ঠিকানায় : The Commandant, GREF Centre, Dighi Camp, Pune - 411015.

## স্টেট ব্যাঙ্কে

১ পাতার পর

পশ্চিমবঙ্গ- ৪৬০টি (জেনাঃ ১৮৫, ই.ডব্লু.এস : ৪৬, ও.বি.সি. ১০১, তঃউঃজাঃ ২৩, তঃজাঃ ১০৫)। ওড়িশা- ২০৫টি (জেনাঃ ৮৪, ই.ডব্লু.এস : ২০, ও.বি.সি. ২৪, তঃউঃজাঃ ৪৫, তঃজাঃ ৩২)। এর মধ্যে প্রতিবন্ধী দৃষ্টিহীন ৫, বধির ৫, এল.ডি. ৫, অন্যান্য ৪। ত্রিপুরা- ৮৮টি (জেনাঃ ৩৮, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস : ৮, তঃউঃজাঃ ২৭, তঃজাঃ ১৪)। অসম- ৩৬৮টি (জেনাঃ ১৬৪, ই.ডব্লু.এস : ৩৬, ও.বি.সি. ৯৯, তঃউঃজাঃ ৪৪, তঃজাঃ ২৫)। সিকিম- ৫০টি (জেনাঃ ২১, ই.ডব্লু.এস : ৫, ও.বি.সি. ১২, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১০)। বিহার- ৫০টি (জেনাঃ ২৪, ই.ডব্লু.এস : ৫, ও.বি.সি. ১৩, তঃজাঃ ১৩)। ঝাড়খণ্ড- ২৭টি (জেনাঃ ১২, ই.ডব্লু.এস : ২, ও.বি.সি. ৩, তঃউঃজাঃ ৭, তঃজাঃ ৩)। গুজরাত- ২১৭টি, আন্ধ্রা প্রদেশ- ৭০৯টি, কর্ণাটক- ২৭৬টি, ছত্তিশগড়- ৯৩টি, মধ্য প্রদেশ- ২৮৫টি, ওড়িশা ২২৯টি, লাদাখ- ১৫টি, হিমাচল প্রদেশ- ১৮০টি, চণ্ডীগড়- ১৫টি, পঞ্জাব- ৩৪৫টি, জম্মু ও কাশ্মীর- ৩০০টি, হরিয়ানা- ৩২০টি, পুদুচেরি- ১৮টি, তামিলনাড়ু- ৩৯৬টি, অরুণাচল প্রদেশ- ২৬টি, নাগাল্যান্ড- ২০টি, মেঘালয়- ৮টি, মিজোরাম- ৫৪টি, মণিপুর- ৬টি, তেলেঙ্গানা- ৪৯১টি, রাজস্থান- ৩৫০টি, আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ- ৪২টি, উত্তর প্রদেশ- ৫৬১টি, মহারাষ্ট্র- ৫০৪টি, গোয়া- ১৬টি, উত্তরাখণ্ড- ১১৫টি, দিল্লি ১০৫, বিহার ৫৮, কেরলম- ৪০৩টি।

প্রার্থী বাছাই হবে অনলাইন টেস্টের মাধ্যমে। পরীক্ষা হবে জুলাইয়ে। ১ ঘন্টার পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল /ফিনান্সিয়াল অ্যাওয়ারনেস, জেনারেল ইংলিশ, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, রিজনিং এবিলিটি অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড। প্রতিটি পার্টে ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন হবে। প্রতিটি পার্টে সময় থাকবে ১৫ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। ন্যূনতম স্কোর করতে হবে। তপশিলী, ও.বি.সি. ও প্রতিবন্ধীরা স্কোরিংয়ে ৫% নম্বরে ছাড় পাবেন। পরীক্ষা হবে এইসব কেন্দ্রে : আসানসোল, দুর্গাপুর, গ্রেটার কলকাতা, হুগলি, কল্যাণী, শিলিগুড়ি, বর্ধমান, গ্যাংটক, বোকারো স্টিল সিটি, ধানবাদ, হাজারিবাগ, জামশেদপুর, রাঁচি, আগরতলা, ডিব্রুগড়, গুয়াহাটি, শিলচর, শিলং, আইজল, তেজপুর, জোড়হাট, ভিলাই নগর, বিলাসপুর, রায়পুর। লিখিত পরীক্ষায় সফল হলে স্থানীয় ভাষার পরীক্ষা, ইন্টারভিউ ও ডাক্তারি পরীক্ষা। এরপর রাজ্যভিত্তিক তালিকা তৈরি হবে। এই পদের বিজ্ঞপ্তি নং : CRPD/APPR/2026-27/07.

দরখাস্ত করবেন অনলাইনে, ৮ জুন পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://apprenticeshipindia.gov.in, www.sbi.co.in, https://sbi.bank.in

এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন জে.পি.জি. বা, জে.পি.ই.জি. ফর্মাটে। ফটো রঙিন হতে হবে ও ফটো ২০০×২৩০ পিক্সেল হতে হবে। সিগনেচার ১৪০×৬০ পিক্সেল হতে হবে। ফটো ও সিগনেচার ২০০ ডি.পি.আই.'তে স্ক্যান করবেন। এছাড়াও নিচের হ্যান্ড রিটেনটি নিজের হাতের লেখায় লিখে স্ক্যান করতে হবে 'I ..... (Name of the candidate), Date of Birth.......... hereby declare that all the information submited by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required. The signature, Photograph and left thumb impression is of mine'.

অনলাইনে দরখাস্ত করার আগে প্রথমে পরীক্ষা ফী বাবদ ৩০০ (তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা জমা দিতে হবে। টাকা অনলাইনে বা, অফলাইনে জমা দিতে পারবেন। অনলাইনে টাকা জমা দেবেন ৮ জুনের মধ্যে। অনলাইনে টাকা জমা দিতে পারবেন ডেবিট কার্ড (রু-পে / ভিসা / মাস্টার কার্ড / মেয়েস্ট্রো), ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং, আই.এম.পি.এস., ক্যাশ কার্ড / মোবাইল ওয়ালেট। অনলাইনে টাকা জমা দেওয়ার পর ই-রিসিপ্ট প্রিন্ট করে নেবেন।

এবার ওই ওয়েবসাইটে গিয়ে ধাপে ধাপে যাবতীয় তথ্য দিয়ে 'সাবমিট' করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। নাম রেজিস্ট্রেশনের পর আবেদনপত্রের ১ কপি প্রিন্ট আউট ও ই-রিসিপ্ট (Deposit Journal No.)'এর ১ কপি নিজের কাছে রেখে দেবেন। অন্য কোনো মাধ্যমে টাকা জমা দিলে নাম নথিভুক্ত করতে পারবেন না। অনলাইন পরীক্ষা দেওয়ার সময় কল লেটারের সঙ্গে পেমেন্ট রিসিপ্টের মূল কপি জমা দিতে হবে। তপশিলী, ও.বি.সি. প্রভৃতি প্রার্থীদের বেলায় ইন্টারভিউয়ের সময় কাস্ট সার্টিফিকেটের মূল কপি দেখাতে হবে। আরো বিস্তারিত তথ্য ওপরের ওই ওয়েবসাইটে পাবেন।



### কৃষিক্ষেত্রে সোনালী ভবিষ্যতের হাতছানি

# কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত কৃষিবিজ্ঞান কোর্সে বাড়ছে চাকরি ও স্বনির্ভরতার সুযোগ

## সার, বীজ ও কীটনাশকের সরকারি লাইসেন্সের জন্য রয়েছে বিশেষ ডিপ্লোমা কোর্স

**নিজস্ব সংবাদদাতা, কৃষ্ণনগর :** বর্তমান সময়ে যখন উচ্চশিক্ষার পরও বহু যুবক-যুবতী কর্মসংস্থানের অভাবে দিশেহারা, ঠিক সেই প্রেক্ষাপটে কৃষিবিজ্ঞান ও কৃষিভিত্তিক শিল্পকে কেন্দ্র করে এক নতুন সম্ভাবনার দিগন্ত উন্মোচন করছে কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত ও All India Survey on Higher Education (AISHE) স্বীকৃত প্রতিষ্ঠান Susrijo Institute of Agriculture Science, Technology & Management (SIASTM).

পশ্চিমবঙ্গ সরকারের তত্ত্বাবধানে গড়ে ওঠা কৃষ্ণনগর Webel IT Park-এ অবস্থিত এই প্রতিষ্ঠানটি এরমধ্যেই জেলার শিক্ষার্থীদের মধ্যে বিশেষ আগ্রহের কেন্দ্রবিন্দুতে পরিণত হয়ে উঠেছে। আধুনিক কৃষি প্রযুক্তি, কৃষিভিত্তিক ব্যবসা, ফসল উৎপাদন, উদ্ভিদ স্বাস্থ্য ব্যবস্থাপনা (Plant Health Management) থেকে শুরু করে সার, বীজ ও কীটনাশক সংক্রান্ত সরকারি লাইসেন্সের উপযোগী প্রশিক্ষণ সবকিছুই একছাদের নিচে এখানে আছে। শুধু ডিগ্রি নয়, এই প্রতিষ্ঠানের মূল লক্ষ্য হল শিক্ষার্থীদের প্রকৃত অর্থে দক্ষ করে তুলে দ্রুত কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করাই। বর্তমানে এই শিক্ষা প্রতিষ্ঠানে চালু রয়েছে কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত একাধিক পেশাভিত্তিক কোর্স—

- **Diploma in Agricultural Science & Management (DASM) :** যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য এই কোর্সে আধুনিক কৃষিপ্রযুক্তি, মাটি ও ফসল ব্যবস্থাপনা, কৃষি বিপণন-সহ বিভিন্ন বিষয়ে হাতে-কলমে প্রশিক্ষণ দেওয়া হয়।
- **Post Graduate Diploma in Crop Production & Plant Health Management (PGDCPPHM) :** যে কোনো শাখার স্নাতকদের জন্য এই কোর্স উন্নত ফসল উৎপাদন ও উদ্ভিদরোগ নিয়ন্ত্রণ বিষয়ে বিশেষ দক্ষতা তৈরি করে, যা বর্তমানে কৃষি শিল্পে অত্যন্ত চাহিদাসম্পন্ন।
- **Post Graduate Diploma in Agri-Business Management (PGDABM) :** কৃষিভিত্তিক ব্যবসা, মার্কেটিং ও ব্যবস্থাপনায় আগ্রহী যে কোনো শাখার স্নাতকদের জন্য এই কোর্স বিশেষভাবে কার্যকর। বর্তমানে Agri-Business সেক্টরে দক্ষ কর্মীর চাহিদা দ্রুত বাড়ছে।

ওপরের তিনটি কোর্সের মেয়াদ ২ বছর, যার মধ্যে ৩ মাসের ইন্টার্নশিপ অন্তর্ভুক্ত।

- **Certificate in Mushroom Cultivation & Spawn Production (CMCSP), (Duration : 3 months) :** মাধ্যমিক পাশ শিক্ষার্থীদের জন্য এই কোর্সে আধুনিক পদ্ধতিতে মাশরুম চাষ ও Spawn Production-এর ওপর হাতে-কলমে প্রশিক্ষণ দেওয়া হয়। বর্তমানে বাজারে মাশরুমের চাহিদা দ্রুত বাড়ায়, অল্প পুঁজিতে নিজস্ব ব্যবসা শুরু করে স্বনির্ভর হওয়ার ক্ষেত্রে এই কোর্স অত্যন্ত কার্যকর বলে মনে করছেন বিশেষজ্ঞরা।
- **Diploma in Agricultural Science for Input Dealers (DASI) (Duration : 1 Year) :** মাধ্যমিক পাশ শিক্ষার্থীদের জন্য এই ১ বছরের বিশেষ কোর্স সার, বীজ ও কীটনাশকের সরকারি লাইসেন্স পাওয়ার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ। ভবিষ্যতে নিজস্ব ব্যবসা শুরু করে স্বনির্ভর হওয়ার ক্ষেত্রে এই কোর্স এক বড় সুযোগ এনে দিতে পারে বলে মনে করছেন বিশেষজ্ঞরা।

শিক্ষার্থীদের উন্নত শিক্ষার জন্য এই শিক্ষা প্রতিষ্ঠানে রয়েছে আধুনিক ল্যাবরেটরি, ফ্রী Wi-Fi ও হাতে-কলমে প্রশিক্ষণের জন্য নিজস্ব কৃষি জমি।

বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন অভিজ্ঞ অধ্যাপকদের তত্ত্বাবধানে পাঠদান হওয়ায় শিক্ষার্থীরা পাচ্ছেন বাস্তবভিত্তিক ও কর্মমুখী শিক্ষা।

এছাড়াও শিক্ষার্থীদের বাস্তবভিত্তিক প্রশিক্ষণকে আরো সমৃদ্ধ করতে নদিয়া জেলায় প্রায় ২০ বিঘা জমি জুড়ে সুসজ্জিত 'Susrijo Organic Farm' ও কৃষ্ণনগর WEBEL IT Park ক্যাম্পাসের কাছে প্রতিষ্ঠানের বিস্তীর্ণ নিজস্ব জমি রয়েছে। এই পরিকাঠামোয় নিয়মিত ব্যবহারিক (Practical) ক্লাস, মাঠ পর্যায়ের প্রদর্শনী, কৃষি ও পশুপালনে হাতে-কলমে প্রশিক্ষণ, ইন্টার্নশিপ ও শিক্ষার্থীদের গবেষণামূলক কার্যক্রম পরিচালিত হয়। সমস্ত কার্যক্রম যথাযথ সুরক্ষা বিধি মেনে ও প্রাতিষ্ঠানিক মান বজায় রেখে অভিজ্ঞ শিক্ষকমণ্ডলীর তত্ত্বাবধানে সুচারুভাবে সম্পন্ন করা হয়।

ছাত্রছাত্রীদের আর্থিক সুবিধার কথা মাথায় রেখে এই প্রতিষ্ঠানে রয়েছে ক্রেডিট কার্ডের মাধ্যমে ব্যাঙ্ক লোনের সুবিধা। কোর্স চলাকালীন শিক্ষার্থীরা সরকারি স্কলারশিপ গ্রহণের সুযোগ পেয়ে থাকেন। পাশাপাশি সহজ মাসিক কিস্তিতে (EMI) কোর্স ফী প্রদান করার ব্যবস্থাও রয়েছে। দূরবর্তী এলাকার ছাত্রছাত্রীদের জন্য আলাদা হোস্টেল সুবিধাও আছে। সবচেয়ে উল্লেখযোগ্য বিষয় হল প্রতিষ্ঠানের দাবি অনুযায়ী রয়েছে ১০০% প্লেসমেন্ট সহায়তা। এরমধ্যে বহু শিক্ষার্থী বিভিন্ন সার, বীজ ও কৃষি সংস্থায় কর্মরত ও অনেকে নিজস্ব উদ্যোগে ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। পাশাপাশি সরকারি স্কলারশিপ, সহজ কিস্তিতে ফী প্রদানের সুবিধা ও বাস্তবভিত্তিক প্রশিক্ষণ এই প্রতিষ্ঠানকে আরো আকর্ষণীয় করে তুলেছে।

বিশেষজ্ঞদের মতে, আগামী দিনে কৃষি ও Agri-Business সেক্টরে বিপুল কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। ফলে প্রচলিত শিক্ষার বাইরে কৃষিবিজ্ঞানভিত্তিক এই পেশামুখী কোর্সগুলি ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

ভর্তির জন্য যোগাযোগ করতে পারেন — মেইন ক্যাম্পাস (কৃষ্ণনগর) : Webel IT Park (Govt. of West Bengal), পোস্ট - কৃষ্ণনগর, জেলা : নদিয়া, পিন : ৭৪১১০১ (কোম্পানি বাগানের কাছে)। ফোন : 8927749907, 9239242139।

কল্যাণী স্টাডি সেন্টার : ডব্লুবি-১৫/৫৪, ওয়ার্ড নং - ১২, পোস্ট ও থানা : কল্যাণী, নদিয়া, পিন : ৭৪১২৩৫। ফোন : 8617754711, 9332789958.

Website : www.siastm.org

Email : sistm2020@gmail.com

## সরকারি প্রেসে ৪৩১ টেকনিশিয়ান

### দরখাস্ত করার শেষ তারিখ বাড়ল

**নিজস্ব সংবাদদাতা, নাসিক :** কারেন্সি নোট প্রেস নাসিক (CNPN), ব্যাঙ্ক নোট প্রেস দেওয়াস (BNPD), সিকিউরিটি প্রিন্টিং প্রেস হায়দরাবাদ (SPPH) ও ইন্ডিয়া সিকিউরিটি প্রেস নাসিক (ISPN) 'জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট' ও 'জুনিয়র টেকনিশিয়ান' পদে ৪৩১ জন লোক নেওয়ার যে খবর বেরিয়েছিল, তার দরখাস্ত করার শেষ তারিখ বাড়িয়ে ৩ জুন করা হয়েছে।

কোন পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি, শূন্যপদ ইত্যাদি পাবেন এই ওয়েবসাইটে : https://cnpnashik.spmcil.com









Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com